পরিবর্তনের সারাংশ

A-660 প্যারেন্ট অ্যাসোসিয়েশন এবং প্রেসিডেন্টস কাউন্সিলসমূহের পরিচালনা কাঠামো প্রতিষ্ঠা করে এবং যাতে নিশ্চিত করা যায় যে পিতামাতাদের অধিকার স্পষ্টভাবে প্রতিষ্ঠিত হয়েছে। এই প্রবিধানটি এর প্রকাশের তারিখ থেকে কার্যকর এবং এটি ২১ এপ্রিল, ২০১০ তারিখের প্রবিধান A-660-কে হালনাগাদ ও রদ করে।

পরিবর্তনসমূহ:

- "পিএ"-এর প্রাসঙ্গিক সবকিছু "পিএ/পিটিএ" হিসেবে পরিবর্তিত হয়েছে।
- "পিসি"-এর প্রাসঙ্গিক সবকিছু "প্রেসিডেন্টস কাউন্সিল" হিসেবে পরিবর্তিত হয়েছে।
- "অফিস ফর ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি" "ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট" হিসেবে পরিবর্তিত হয়েছে।
- সভার বিজ্ঞপ্তি সংক্রান্ত প্রথা হালনাগাদ করা হয়েছে। "স্কুলের দিন"-এর প্রাসঙ্গিক সবকিছু "ক্যালেন্ডারের দিন" হিসেবে পরিবর্তিত হয়েছে।
- প্রিন্সিপ্যালকে অবশ্যই পিএ/পিটিএ গঠনের জন্য সভা করার কথা পিতামাতাদেরকে এমনভাবে জানাতে হবে যাতে সকল পিতামাতা নিশ্চিতভাবে জানতে পারেন। প্রিন্সিপ্যাল সংশ্লিষ্ট প্রেসিডেন্টস্ কাউন্সিল, ডিস্ট্রিক্ট বা বরো ফ্যামেলি এডভোকেট, কিংবা ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস)-এর সাথে পরামর্শের জন্য যোগাযোগ করতে পারেন। (পৃষ্ঠা 2-3, সেকশন I.A দেখুন)।
- যদি পিএ/পিটিএ-এর কার্যকারিতা স্থগিত থাকে, প্রিন্সিপ্যাল সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিল, ডিস্ট্রিক্ট বা বরো ফ্যামেলি এডভোকেট কিংবা ফেইস-এর সাথে পিএ/পিটিএ পুন:প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণের ব্যাপারে পরাপমর্শের জন্য যোগাযোগ করতে পারেন। (পৃষ্ঠা 3, সেকশন I.B দেখুন)।
- যদি সেকশন I.C.-এতে উল্লিখিত কারণগুলোর কোনটির জন্য পিএ/পিটিএ-এর কার্যকারিতা স্থগিত হয়ে থাকে, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই ফেইস-কে জানাতে হবে। (পৃষ্ঠা 3-4, সেকশন I.C দেখুন)।
- বাধ্যতামূলক অফিসারদের দুইজনের পদত্যাগ এখন থেকে পিএ/পিটিএ-এর কার্যকারিতা স্থগিত হওয়ার কারণ হিসেবে সেকশন I.C.-এ উল্লিখিত নয়। (পৃষ্ঠা 3-4, সেকশন I.C দেখুন)।
- সিটিওয়াইড নয় এমন কোন স্কুলের সিটিভিত্তিক কোন কর্মসূচিতে তালিকাভুক্ত থাকা কোন পূর্ণকালীন শিক্ষার্থীর একজন পিতা/মাতা সন্তান যে স্কুলে পড়ছে, সে স্কুলের পিএ/পিটিএ-এর সদস্য হওয়ার যোগ্য। (পৃষ্ঠা 4, সেকশন I.D.1 দেখুন)।
- পিএ/পিটিএ-তে স্কুল কর্মচারিদের অংশগ্রহণে বিধিনিষেধের ব্যাখ্যা দেওয়া হয়েছে। স্কুলের কর্মচারিগণ যে স্কুলে কাজে নিযুক্ত আছেন, সে স্কুলের পিএ/পিটিএ-এর এক্সিকিউটিভ বোর্ড বা মনোনয়ন/নির্বাচন কমিটিতে কাজ করতে পারবেন না। (পৃষ্ঠা 5, সেকশন I.E.3 দেখুন)।
- স্বার্থের দ্বন্দ্ব সংক্রান্ত ধারা হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 5, সেকশন I.E.4 দেখুন)।
- পিএ/পিটিএ কর্মকর্তাদের মনোনয়ন সংক্রান্ত সেকশন অপসারণ করা হয়েছে। মনোনয়ন সংক্রান্ত বিষয় এখন I.F – পিএ/পিটিএ কর্মকর্তা নির্বাচন সেকশনে উল্লেখ করা হয়েছে। (পৃষ্ঠা 5-6, সেকশন I.F দেখুন)।
- পিএ/পিটিএ নির্বাচন প্রক্রিয়ায় নিম্নলিখিত পরিবর্তন করা হয়েছে: (১) পিএ/পিটিএ নির্বাচন অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিল বা স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছে পরামর্শের অনুরোধ জানাতে পারেন, (2) সর্বোচ্চ অংশগ্রহণকারীদের নিয়ে একটি স্বচ্ছ ও পক্ষপাতহীন এবং যথাযথ প্রক্রিয়ার নির্বাচন করার জন্য পিএ/পিটিএ দায়বদ্ধ, (3) নির্বাচন কীভাবে পরিচালনা করা হবে, পিএ/পিটিএ উপবিধিতে সেটি সুনির্দিষ্টভাবে উল্লিখিত থাকতে হবে, (4) বার্ষিক পিএ/পিটিএ নির্বাচন অবশ্যই স্কুল বছরের শেষ দিনের আগেই সম্পন্ন করতে হবে, (5) প্রবিধানে নির্বাচনী সভার বিজ্ঞপ্তির উপাদানগুলো তালিকাভুক্ত আছে, (6) পিএ/পিটিএ উপবিধিতে ভিন্নভাবে উল্লিখিত না থাকলে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচন হচ্ছে যে পদগুলোতে, সে পদগুলোর নির্বাচনী সভা মুলতবী না হওয়া পর্যন্ত ব্যালটগুলো সভাকক্ষে থাকতে হবে, (7) পিএ/পিটিএ উপবিধিতে ভিন্নভাবে উল্লিখিত না থাকলে বিনা-প্রতিদ্বন্দ্বিতায় কাউকে নির্বাচিত করতে গেলে কমপক্ষে একজন সদস্যকে পদপ্রার্থীর পক্ষে সমর্থন জ্ঞাপন করতে হবে, (8) নির্বাচনী সভা মুলতবী হওয়ার আগে পিএ/পিটিএ ইলেকশন সার্টিফিকেশন ফরম-এ প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে সই দিতে হবে, (9) সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিলকে বাধ্যতামূলক পিএ/পিটিএ সদস্যদের ব্যক্তিগত ফোন নম্বর ও ইমেইল ঠিকানা জানান হবে, যদি-না তারা এসব তথ্য প্রকাশ করতে সার্টিফিকেশন ফরম-এ বারণ করে থাকেন, (১০) প্রিন্সিপ্যালের অফিসে রক্ষিতি ফাইলে একটি কপি রেখে সই করা ফরমটি পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডের কাছে থাকবে, (11) প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে ৫ ক্যালেন্ডার দিনের মধ্যে 'স্কুল-প্যারেন্ট লিডার কন্ট্যাক্ট ইনফরমেশন সিস্টেম'-এ নির্বাচন অনুষ্ঠানের বিষয় হালানাগাদ করতে হবে। (পৃষ্ঠা 5-8, সেকশন I.F.1 দেখুন)।
- পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডকে পদশূন্যতার কথা এবং সে পদশূন্যতা উত্তরাধিকারক্রমে না ত্বরায়িত নির্বাচনের মাধ্যমে পূরণ করা হবে,

সকল সদস্যদেরকে তা লিখিতভাবে জানাতে হবে ৫ ক্যালেন্ডার দিনের মধ্যে। পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ড সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিল বা স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছে পদশূন্যতা পূরণের সময় পরামর্শ প্রদানের অনুরোধ জানাতে পারে। (পৃষ্ঠা 9, সেকশন I.F.3 দেখুন)।

- প্রবিধানে ত্বরায়িত নির্বচনী সভার বিজ্ঞপ্তির উপাদানসমূহের কথা উল্লিখিত আছে। (পৃষ্ঠা 9, সেকশন I.F.4.a দেখুন)।
- একজন পিতামাতা সদস্য যিনি কোন পদ চাইছেন না, তিনি ত্বরায়িত নির্বাচনী সভায় সভাপতিত্ব করতে পারবেন। (পৃষ্ঠা 9, সেকশন I.F.4.b দেখুন)।
- পিএ/পিটিএ কর্মকর্তাদের ফোন নম্বর বা ইমেইল ঠিকনার তালিকা স্কুল বছরের শুরুতে প্রকাশ্যে পোস্ট করা হবে এবং যে কোন পিএ/পিটিএ সদস্যদের অনুরোধে তা প্রদান করা হবে। (পৃষ্ঠা 10, সেকশন I.F.5 দেখুন)।
- পিএ/পিটিএ-এর উপবিধিতে যদি এমন কোন ধারা থাকে যা প্রবিধানের সাথে সাংঘর্ষিক, তাহলে এই প্রবিধানের ধারাগুলো নিয়ামক হিসেবে গণ্য হবে। পিএ/পিটিএ উপবিধির অন্যসব ধারার যেগুলো এই প্রবিধানের সাথে সাংঘর্ষিক নয়, সেগুলো পূর্ণমাত্রায় বলবত্ থাকবে। (পৃষ্ঠা 10, সেকশন I.G.1 দেখুন)।
- প্রিন্সিপ্যালকে অবশ্যই পিএ/পিটিএ-কে স্কুলের নিরাপত্তা পরিকল্পনার সংক্ষিপ্ত-সার প্রদান করতে হবে। (পৃষ্ঠা 11, সেকশন I.G.2.a দেখুন)।
- প্রবিধানে পিএ/পিটিএ বোর্ড এবং প্রিন্সিপ্যালের মধ্যকার ত্রৈমাসিক সভার সম্ভাব্য আলোচ্য বিষয় উল্লিখিত আছে। (পৃষ্ঠা 11-১২, সেকশন I.G.2.b দেখুন)।
- পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডকে নিশ্চিত করতে হবে যেনো সভার বিজ্ঞপ্তিগুলো সকল পিতামাতাদের হাতে পৌঁছায়, এমনভাবে প্রেরণ করা হয়। সকল পিতামাতা অবগত হতে পেরেছেন, সেটা নিশ্চিত করতে হলে একাধিক প্রক্রিয়ায় যোগাযোগ করার প্রয়োজন হতে পারে। (পৃষ্ঠা 13, সেকশন I.G.4.a দেখুন)।
- সভার উপস্থিতি বাড়াতে স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং সংশ্লিষ্ট প্রেসিডেন্ট কাউন্সিলের কাছে পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ড সহায়তা চাইতে পারে। (পৃষ্ঠা 13, সেকশন I.G.4.a দেখুন)।
- পিএ/পিটিএ-এর সদস্য নন যেসব ব্যক্তি, তারা এক্সিকিউটিভ বোর্ডের অনুমোদন নিয়েই শুধু এক্সিকিউটিভ বোর্ডের সভায় অংশগ্রহণ করতে পারবেন। (পৃষ্ঠা 13-14, সেকশন I.G.4.b দেখুন)।
- কম্যুনিটি এবং সিটিভিত্তিক এডুকেশন কাউন্সিল মনোনয়নকারী সেকশন হালনাগাদ করা হয়েছিল যাতে ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিলকে অন্তর্ভুক্ত করা যায়। (পৃষ্ঠা 15, সেকশন I.G.7 দেখুন)।
- প্রেসিডেন্টস কাউন্সিলের দায়িত্বের মধ্যে পিএ/পিটিএ-কে সহায়তা প্রদানের কথা যুক্ত করা হয়েছে। (পৃষ্ঠা 16, সেকশন II দেখুন)।
- সংশ্লিষ্ট কম্যুনিটি বা হাই স্কুল সুপারিনটেনডেন্ট বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রেসিডেন্ট কাউন্সিল প্রতিষ্ঠা করার ও তার ধারাবাহিকতা বজায় রাখার জন্য দায়বদ্ধ থাকবেন। (পৃষ্ঠা 16, সেকশন II.A দেখুন)।
- প্রেসিডেন্ট কাউন্সিল নির্বাচন প্রক্রিয়ায় নিম্নলিখিত পরিবর্তন করা হয়েছে: (১) প্রেসিডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে সহায়তার চাইতে পারেন, (2) প্রেসিডেন্ট কাউন্সিলের কর্মকর্তাগণকে সাধারণ সদস্যদের সাথে নির্বাচনী সভার একটি সুবিধাজনক তারিখ ঠিক করার জন্য কথা বলতে হবে যাতে যেসব পিএ/পিটিএ-কে নিয়ে কাউন্সিল গঠিত, তারা তাদের কর্মকর্তাদের মধ্য থেকে প্রেসিডেন্ট কাউন্সিলের প্রতিনিধি মনোনয়ন করার পর্যাপ্ত সুযোগ লাভ করেন, (3) যদি ৩০ জুনের মধ্যে কোন প্রেসিডেন্ট কাউন্সিল তার নির্বাচন সম্পন্ন করতে সক্ষম হয়, তাহলে সুপারিনটেনডেন্ট বার্ষিক নির্বাচনী সভা অনুষ্ঠানের জন্য একটি তারিখ ও সময় দিতে বলবেন, (4) ৩০ সেপ্টেম্বরের মধ্যে যাতে নির্বাচন সম্পন্ন হয়, সুপারিনটেনডেন্ট বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি তার জন্য প্রয়োজনীয় সব ধরনের সহায়তা প্রদান করবেন, (5) প্রার্থীদের সবাইকে সাধারণ সদস্যদের উদ্দেশ্যে বক্তৃতা দেওয়ার সুযোগ দিতে হবে। (পৃষ্ঠা 17-19, সেকশন II.D দেখুন)।
- যদি কোন ক্ষেত্রে প্রেসিডেন্টস কাউন্সিলের উপবিধিতে এমন কোন ধারা থাকে যা এই প্রবিধানের সাথে সাংঘর্ষিক, তাহলে এই প্রবিধানের ধারা নিয়ামক হিসেবে গণ্য হবে। প্রেসিডেন্টস কাউন্সিলের উপবিধির অন্যসব ধারার যেগুলো এই প্রবিধানের সাথে সাংঘর্ষিক নয়, সেগুলো পূর্ণমাত্রায় বলবত্ থাকবে। (পৃষ্ঠা 19, সেকশন II.E.1 দেখুন)।
- প্রবিধানে ডিস্ট্রিক্ট বা বরো নিরাপত্তা পরিকল্পনার কথার আর উল্লেখ নেই। (পৃষ্ঠা 20, সেকশন II.E.2.a দেখুন)।
- অনুরোধসাপেক্ষে সুপারিনটেনডেন্ট প্রেসিডেন্টস্ কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ডকে চ্যান্সেলরের প্রবিধানের কপিসহ শিক্ষার্থীদের পরীক্ষা পদ্ধতি ও সময়সূচি এবং শিক্ষার্থীদের অর্জিত সাফল্যের পূর্ণ ও প্রকৃত তথ্য প্রদান করবেন। (পৃষ্ঠা 20, সেকশন II.E.2.a দেখুন)।

- প্রেসিডেন্টস্ কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ডকে নিশ্চিত করতে হবে যেনো সভার বিজ্ঞপ্তিগুলো সকল পিতামাতাদের হাতে পৌঁছায়, এমনভাবে প্রেরণ করা হয়। (পৃষ্ঠা 20, সেকশন II.E.3.a দেখুন)।
- প্রেসিডেন্ট কাউন্সিল চ্যান্সেলরের প্রবিধান D-140, D-150, D-160 and D-170 অনুযায়ী শুধু সিইসি, সিসিএসই, সিসিএইচএস বা সিসিইএলএল সদস্য নির্বাচনের বেলায় প্রার্থী ফোরামের আয়োজন করবে। (পৃষ্ঠা ২১, সেকশন II.E.4 দেখুন)।
- সুপারিনটেনডেন্ট প্রেসিডেন্টস কাউন্সিলকে তার কাজ চালানর জন্য প্রয়োজনীয় স্থান ও উপকরণের সংস্থান করায় সহায়তা দেবেন। (পৃষ্ঠা 21, সেকশন II.E.4 দেখুন)।
- অভিযোগ তদন্ত কমিটির উল্লেখ অপসারণ করা হয়েছে।
- কম্যুনিটি ও সিটিভিত্তিক এডুকেশন কাউন্সিলের প্রার্থী ফোরাম আহ্বানের ব্যাপারে প্রেসিডেন্টস কাউন্সিলের ভূমিকা সংক্রান্ত ধারা যুক্ত করা হয়েছে। (পৃষ্ঠা 22-23, সেকশন II.E.7 দেখুন)।
- প্রস্তাবিত প্রেসিডেন্টস কাউন্সিলের বাজেট অবশ্যই প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যদের অনুমোদন লাভের পর সুপারিনটেনডেন্টের কাছে জমা দিতে হবে। (পৃষ্ঠা ২৩-২৪, সেকশন III.A.2 দেখুন)।
- পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিল আলাদা সত্ত্বা বলে তারা ডিওই-এর ইআইএন ব্যবহার করতে পারবে না। (পৃষ্ঠা 24, সেকশন III.B.1.a দেখুন)।
- পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিল-এর ডেবিট কার্ড ব্যবহার নিষিদ্ধ। (পৃষ্ঠা 24, সেকশন III.B.3 দেখুন)।
- প্রেসিডেন্টস কাউন্সিলকে অন্তর্ভুক্ত করার জন্য র‍্যাফল টিকেট সংক্রান্ত ধারা হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 25, সেকশন III.C.2.c দেখুন)।
- প্রেসিডেন্টস কাউন্সিলকে কোন তহবিল সংগ্রহ সংক্রান্ত উদ্যোগ গ্রহণ করতে হলে সেটা নিয়ে সুপারিনটেনডেন্টের সাথে যৌথভাবে পরিকল্পনা করতে হবে। (পৃষ্ঠা 26, সেকশন III.C.4.b দেখুন)।
- প্যারেন্ট কোঅর্ডিনেটর পিএ/পিটিএ-এর তহবিল পরিচালনা করতে পারবেন না। (পৃষ্ঠা 26, সেকশন III.C.6.b দেখুন)।
- স্টাফ নিয়োগ সংক্রান্ত ধারা থেকে প্রেসিডেন্টস কাউন্সিলের উল্লেখ অপসারণ করা হয়েছে। (পৃষ্ঠা 28, সেকশন III.D.4 দেখুন)।
- প্রেসিডেন্টস কাউন্সিলের ট্রেজারারের রিপোর্ট অবশ্যই সুপারিনেটেনডন্টের কাছে জমা দিতে হবে। (পৃষ্ঠা 31, সেকশন III.F.1 দেখুন)।
- পিএ/পিটিএ-এর আর্থিক তথ্য ও প্রতিবেদন ফেইস-এর কাছে অনুরোধসাপেক্ষে প্রদানের জন্য প্রিন্সিপ্যাল দায়বদ্ধ থাকবেন। (পৃষ্ঠা 31, সেকশন III.F.2 দেখুন)।
- চ্যান্সেলর বা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পিএ/পিটিএ কিংবা প্রেসিডেন্টস্ কাউন্সিলের আর্থিক রেকর্ড বহিরাগত কাউকে দিতে অডিট করার জন্য অনুরোধ জানাতে পারেন। (পৃষ্ঠা 31-32, সেকশন III.G দেখুন)।
- প্রেসিডেন্টস কাউন্সিলের অডিট কমিটিকে অবশ্যই তদন্তের ফল সুপারিনটেনডেন্টকে জানাতে হবে। (পৃষ্ঠা 31-32, সেকশন III.G.1 দেখুন)।
- অপরাধজনিত অপকর্ম বা অসদাচরণের জন্য নালিশ বা অভিযোগ অবশ্যই পুলিশ এবং ফেইস-এর কাছে রিপোর্ট করতে হবে। (পৃষ্ঠা 33, সেকশন IV.A দেখুন)।
- পিএ/পিটিএ কিংবা প্রেসিডেন্টস্ কাউন্সিলের স্ট্যাটাস সংক্রান্ত রিপোর্টের উল্লেখ অপসারণ করা হয়েছে।
- বিরোধ মীমাংসার সেকশন হালনাগাদ করা হয়েছে। পিএ/পিটিএ কিংবা প্রেসিডেন্টস্ কাউন্সিলগুলোকে সকল বিরোধ নিজেদের মধ্যে মীমাংসার জন্য প্রথমে উদ্যোগ নিতে হবে। নিজেদের মধ্যে মীমাংসার সকল রাস্তা যখন ব্যবহার শেষ হয়ে যাবে, পিএ/পিটিএ তখন সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিলের কাছে সহায়তার অনুরোধ জানাতে পারবে। প্রেসিডেন্টস কাউন্সিল ফেইস-এর কাছে সহায়তার অনুরোধ জানাতে পারবে। সচরাচর দেখা যায় এমন ক্ষেত্রে এমন কী সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিলের সহযোগিতা নিয়েও পিএ/পিটিএ বিরোধ মীমাংসায় ব্যর্থ হলে, ফেইস একটি বাধ্যতামূলক সিদ্ধান্ত জারি করবে। নির্বাচনী বিরোধ একটি ত্বরায়িত সময়সীমার মধ্যে মীমাংসা করা হয়। (পৃষ্ঠা 33-36, সেকশন V দেখুন)।

চ্যান্সেলরের প্রবিধান

শ্রেণি:	**শিক্ষার্থী**	4/21/10	নম্বর:	**A-660**
বিষয়:	প্যারেন্ট অ্যাসোসিয়েশন এবং স্কুলসমূহ		পৃষ্ঠা:	4 এর 2

সূচিপত্র

সেকশন		আলোচ্য:	পৃষ্ঠা:
		ভূমিকা	1
		সংজ্ঞা	1
I.		**প্যারেন্টস্ অ্যাসোসিয়েশন:**	**2**
	A.	নতুন স্কুলে পিএ/পিটিএ গঠন	2
	B.	পিএ/পিটিএ পুনর্গঠন	3
	C.	পিএ/পিটিএ স্থগিত করার কারণসমূহ	3
	D.	পিএ/পিটিএ-এর সদস্য হওয়ার যোগ্যতা	4
	E.	পিএ/পিটিএ-এর সদস্যদের অংশগ্রহণ	4
	F.	পিএ/পিটিএ-এর কর্মকর্তাদের নির্বাচন	5
	G.	পিএ/পিটিএ-এর অধিকার ও দায়িত্ব	10
II.		**প্রেসিডেন্টস কাউন্সিল**	**16**
	A.	প্রেসিডেন্টস কাউন্সিল গঠন ও পুনর্গঠন	16
	B.	প্রেসিডেন্টস কাউন্সিল সদস্য হওয়ার যোগ্যতা	16
	C.	প্রেসিডেন্টস কাউন্সিল সদস্যদের অংশগ্রহণ	17
	D.	প্রেসিডেন্টস কাউন্সিলের কর্মকর্তাদের মনোনয়ন ও নির্বাচন	17
	E.	প্রেসিডেন্টস কাউন্সিলের অধিকার ও দায়িত্ব	19
	F.	চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল	23

III.		**প্যারেন্ট অ্যাসোসিয়েশন ও প্রেসিডেন্টস কাউন্সিলসমূহের আর্থিক কর্মকাণ্ড**	**23**
	A.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের বাজেট	23
	B.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের ব্যাংক অ্যাকাউন্ট	24
	C.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের তহবিল সংগ্রহ	25
	D.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের আর্থিক লেন-দেন	27
	E.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের আর্থিক লেন-দেনের রেকর্ড সংরক্ষণ	30
	F.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের আর্থিক প্রতিবেদন	30
	G.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের অডিট	31
IV.		**সংশোধন ও শাস্তিমূলক ব্যবস্থা**	**32**
	A.	অপরাধজনিত অপকর্ম ও অসদাচরণ	32
	B.	আর্থিক অসামঞ্জস্য বা অপকর্ম	33
	C.	হুমকি বা অন্যদের জন্য ঝুঁকি	33
	D.	কর্মকর্তার অবহেলা	33
V.		**বিরোধ মীমাংসা প্রক্রিয়া**	**33**
	A.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের বিরোধ	33
	B.	পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের সহায়তার অনুরোধ	34
VI.		**অনুসন্ধান**	**36**

সংক্ষিপ্তসার

এই প্রবিধান অনুযায়ী প্রতিটি স্কুলে একটি করে প্যারেন্ট অ্যাসোসিয়েশন (পিএ) বা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) থাকা আবশ্যক। এটি ৪/২১/১০ তারিখ ইস্যু করা চ্যান্সেলরের প্রবিধান A-660-কে রহিত করে।

এছাড়াও এই প্রবিধান অনুযায়ী ৩২টি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রত্যেকটিতে একটি করে প্রেসিডেন্টস কাউন্সিল থাকা আবশ্যক। হাই স্কুলসমূহের জন্য প্রতিটি বরোতে একটি করে এবং সিটিওয়াইড স্পেশাল এডুকেশন (ডিস্ট্রিক্ট ৭৫) স্কুলগুলোর জন্য আলাদা একটি প্রেসিডেন্টস্ কাউন্সিল থাকতে হবে।

এই প্রবিধান পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলের মৌলিক অধিকার ও দায়দায়িত্ব নির্ধারণ করে দেয়।

ভূমিকা

চ্যান্সেলর স্বীকার করেন যে পিতামাতা নেতৃত্ব পাবলিক স্কুলসমূহের ভিত্তি। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিল হলো স্বশাসিত ও স্বনিয়ন্ত্রিত। প্রয়োজনীয় কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা ও আইন, কৌশল, নিয়ম এবং প্রবিধান কার্যকর করা এবং শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মীদের অধিকার রক্ষা করার মধ্যেই পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলসমূহের উপর স্কুল কর্মকর্তাদের নিয়ন্ত্রণ সীমিত।

সংজ্ঞা

এই প্রবিধান ও অন্যান্য সংশ্লিষ্ট প্রবিধানের ক্ষেত্রে নিচের সংজ্ঞাগুলো প্রযোজ্য হবে:

1. একটি প্যারেন্ট অ্যাসোসিয়েশন (পিএ) নিউ য়ির্ক সিটির পাবলিক স্কুলের শিক্ষার্থীদের পিতামাতাদের সংগঠন যা পিতামাতাদের ভোটে পিতামাতাদের নিয়ে গঠিত ও প্রতিষ্ঠিত হয়। পিএ তার সদস্যদের অর্থপূর্ণ অংশগ্রহণে উৎসাহিত করে। পিএ উপবিধি প্রবর্তন করে, কর্মকর্তা নির্বাচন করে এবং নিয়মিত সভার আয়োজন করে।
2. একটি প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) তৈরি হয় তখন, যখন পিএ সদস্যগণ কর্মীদেরকে সদস্যপদে অন্তর্ভুক্ত করার জন্য তাদের উপবিধি সংশোধন করার পক্ষে ভোট প্রদান করেন। শিক্ষকমণ্ডলী ছাড়াও পিটিএ অন্য শ্রেণির কর্মীদেরও অন্তর্ভুক্ত করতে পারে।
3. প্রেসিডেন্টস কাউন্সিল একটি নির্দিষ্ট এলাকাভুক্ত পিএ/পিটিএসমূহের প্রেসিডেন্ট বা দায়িত্বপ্রাপ্ত পিতামাতা সদস্যদের সংগঠন। প্রতিটি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ এলিমেন্টারি ও মিডল স্কুলসমূহের প্রতিনিধিত্ব করার জন্য একটিমাত্র প্রেসিডেন্টস কাউন্সিল থাকবে। হাই স্কুল সমূহের প্রতিনিধিতব করার জন্য প্রতিটি বরোতে একটি করে প্রেসিডেন্টস কাউন্সিল থাকতে হবে। এছাড়াও সিটিওয়াইড স্পেশাল এডুকেশন স্কুলসমূহের (ডিস্ট্রিক্ট ৭৫) প্রতিনিধিত্ব করার জন্য একটি প্রেসিডেন্টস্ কাউন্সিল থাকতে হবে।
4. স্কুল বলতে বুঝায় শিক্ষার্থীদের জন্য প্রিন্সিপ্যালের নেতৃত্বে প্রতিষ্ঠিত একটি স্বনিয়ন্ত্রিত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। প্রতিটি স্কুলের রয়েছে নিজস্ব স্টাফ এবং স্কুল তার শিক্ষানির্দেশনা কর্মসূচি পরিচালনার জন্য নিজস্ব তহবিল ব্যবহার করে।
5. ডিস্ট্রিক্ট পদটি ৩২টি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট এবং ডিস্ট্রিক্ট ৭৫-এর ক্ষেত্রে প্রযোজ্য হয়।
6. উপবিধি বলতে বুঝায় এমন একটি নির্দেশনাদানকারী নথি যা পিএ/পিটিএ বা প্রেসিডেন্টস কাউন্সিলসমূহকে প্রতিষ্ঠা করে এবং অবশ্য প্রতিপালনীয় নিয়মসমূহ নির্ধারণ করে দেয়। এক্সিকিউটিভ বোর্ড এবং পিতামাতা সদস্যগণ উপবিধিকে স্থগিত করতে পারবেন না।
7. পদ বলতে বুঝায় পিএ/পিটিএ বা প্রেসিডেন্টস কাউন্সিলের এক্সিকিউটিভ (কার্যকরি) বোর্ডের কোন নির্বাচিত পদ। নিচের পদগুলো আবশ্যিক: প্রেসিডেন্ট, রেকর্ডিং সেক্রেটারি এবং ট্রেজারার। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্টস কাউন্সিলগুলো বাড়তি পদ সৃষ্টির জন্য তাদের উপবিধি সংশোধন করতে পারবে।

8. প্রবিধানের ক্ষেত্রে প্যারেন্ট বলতে বুঝায়, শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে কোন ব্যক্তি, যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসূলভ বা তত্ত্বাবধানমূলক সম্পর্ক রয়েছে। পিতামাতা পদটির সংজ্ঞায় যারা অন্তর্ভুক্ত: জন্ম বা দত্তক পিতামাতা, সত পিতামাতা, আইন দ্বারা নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা, এবং বর্তমানে স্কুলে পড়ছে এমন সন্তানের সাথে "পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি"।

9. পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি বলতে বুঝায় এমন কোন ব্যক্তিকে, যে ব্যক্তি পিতামাতার মৃত্যু, কারাদণ্ড, মানসিক অসুস্থতা, দূরবর্তী স্টেটে অবস্থান, সন্তানকে পরিত্যাগ বা এরকম অন্য কোন কারণে সন্তানের কাছে পিতামাতা বা অভিভাবক উপস্থিত না থাকায় তার দায়িত্ব গ্রহণ করেছেন। কোন্ ব্যক্তির সাথে সন্তানের পিতামাতার সম্পর্ক আছে তা অবশ্যই নির্ধারণ করতে হবে বিশেষভাবে সে সন্তানের অভিভাবকত্ব ও তত্ত্বাবধানসংক্রান্ত পারিপার্শ্বিক অবস্থার উপর ভিত্তি করে। যে ব্যক্তি কোন ছেলেমেয়ের সাময়িক তত্ত্বাবধান করেন (যেমন বিব-সিটার, ন্যানি বা অহেফাজতকারি আত্মীয়) তিনি এই প্রবিধান অনুযায়ী সন্তানের পিতামাতা সম্পর্কে আবদ্ধ ব্যক্তি হিসেবে গণ্য হবেন না। কোন ব্যক্তি পিতামাতা সম্পর্কে আবদ্ধ কী-না, প্রয়োজন পড়লে প্রিন্সিপ্যাল স্কুলে উপস্থাপিত কাগজপত্রের উপর ভিত্তি করে তা নির্ধারণ করবেন।

10. ক্যালেন্ডার ডে বলতে বুঝায় সপ্তাহের কর্মদিবস ও শনি-রবিবার, তবে এতে স্বীকৃত ফেডারেল ছুটি অন্তর্ভুক্ত নয়। ব্যাক-প্যাক বা ইমেইলে বিজ্ঞপ্তি পাঠান সংক্রান্ত বিষয়ে ক্যালেন্ডারের দিন হিসাব করার ক্ষেত্রে যে দিনটিতে বিজ্ঞপ্তি পাঠান হয়, সে দিনকে প্রথম দিন হিসেবে গণনা করতে হবে। ডাকযোগে লিখিত বিজ্ঞপ্তি পাঠানর ক্ষেত্রে যেদিন বিজ্ঞপ্তি ডাক-এ ছাড়া হবে, তার পরের দিনটিকে প্রথম দিন হিসেবে গণনা করতে হবে।

I. প্যারেন্টস্ অ্যাসোসিয়েশন:

পিএ/পিটিএগুলো স্পেশাল এডুকেশন, ইংরেজি ভাষা শিক্ষার্থী, টাইটেল ওয়ান-এর যোগ্য শিক্ষার্থী এবং গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড বা ম্যাগনেট কর্মসূচির শিক্ষার্থীর পিতামাতাসহ স্কুলের সকল পিতামাতার প্রতিনিধি। পিএ/পিটএগুলোকে সাংগঠনিক কাঠামো তৈরি করতে অবশ্যই উপবিধি প্রবর্তন করতে হবে এবং অংশগ্রহণ ও সহায়তা দেওয়ার জন্য সবাইকে আমন্ত্রণ জানাতে হবে। (I.G.1 দ্রষ্টব্য)। পিএ/পিটিএগুলোকে অবশ্যই সকল আইন, নীতি, বিধি এবং প্রবিধানি এমনভাবে মেনে চলতে হবে যাতে শিক্ষার্থী, পিতামাতা ও কর্মীদের মর্যাদা রক্ষিত হয়।

প্রতিটি পাবলিক স্কুলকে একটি করে পিএ বা পিটিএ প্রতিষ্ঠা করতে হবে। প্রত্যেক স্কুলে একটিমাত্র দাপ্তরিক স্বীকৃত পিএ বা পিটিএ থাকতে পারবে। যখন একই ভবনে একাধিক স্কুল অবস্থান করে, তখন প্রতিটি স্কুলকে আলাদা আলাদা পিএ বা পিটিএ গঠন করতে হবে। একাধিক "স্মল লার্নিং কম্যুনিটি", "হাউস" বা "অ্যাকাডেমি" একজনমাত্র প্রিন্সিপ্যালের কর্তৃত্বাধীন থাকলে সেক্ষেত্রে শুধু একটি পিএ বা পিটিএ তৈরি করা যেতে পারে।

A. নতুন স্কুলে পিএ/পিটিএ গঠন

- একটি নতুন স্কুলে পিএ কিংবা পিটিএ গঠনকল্পে পিতামাতাদের সভা আহ্বান করার দায়িত্ব প্রিন্সিপ্যালের।
- পিএ/পিটিএ ড়ঠনকল্পে আয়োজিত সভা আহ্বান করতে হবে প্রিন্সিপ্যালকে ৩০ সেপ্টেম্বরের মধ্যে।
- প্রিন্সিপ্যঅলকে অবশ্যই পিএ/পিটিএ গঠনের জন্য সভা করার কথা পিতামাতাদেরকে এমনভাবে জানাতে হবে যাতে সকল পিতামাতা জানতে পারেন (যেমন ব্যাকপ্যাকে, ডাকযোগে, স্বয়ংক্রিয় ফোনে, ইমেইল-এ)। সকল পিতামাতা অবগত হতে পেরেছেন, সেটা নিশ্চিত করতে হলে একাধিক প্রক্রিয়ায় যোগাযোগ করা প্রয়োজন হতে পারে।
- পিএ/পিটিএ গঠনকল্পে আয়োজিত সভা অনুষ্ঠানের আগে অন্ততঃ দশ ক্যালেন্ডার দিন আগে জানাতে হবে। পিএ/পিটিএ গঠনকল্পে আয়োজিত সভায় কমপক্ষে ৮জন পিতামাতাকে উপস্থিত হতে হবে। [1]

[1] পিএ/পিটিএ-এর যে কোন সভায় নির্বাচন করলে তার আগে লিখিত বিজ্ঞপ্তি দেওয়া আবশ্যক। (I.F.1.c দ্রষ্টব্য)।

- প্রিন্সিপ্যাল সংশ্লিষ্ট প্রেসিডেন্টস্ কাউন্সিল, ডিস্ট্রিক্ট বা বরো ফ্যামেলি এডভোকেট, কিংবা ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস)-এর সাথে পিএ/পিটিএ গঠনের ব্যাপারে পরামর্শের জন্য যোগাযোগ করতে পারেন।

B. পিএ/পিটিএ পুনর্গঠন

- সেকশন I.C.-তে উল্লিখিত কোন কারণে যদি পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হয়ে থাকে, তাহলে তা ফেইস-কে জানান এবং পিএ/পিটিএ পুনঃপ্রতিষ্ঠার জন্য পিতামাতাদের সভা আহ্বান করার দায়িত্ব প্রিন্সিপ্যালের।
- স্কুল বছরে মাঝামাঝি কোন সময় যদি পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হয়, তাহলে পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হওয়ার ১৪ ক্যালেন্ডার দিনের মধ্যে অবশ্যই পিএ/পিটিএ পুনঃপ্রতিষ্ঠার জন্য সভা আহ্বান করতে হবে। যদি গ্রীষ্মের সময় পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হয়, তাহলে অবশ্যই ৩০ সেপ্টেম্বরের মধ্যে পিএ/পিটিএ-এর পুনঃপ্রতিষ্ঠার জন্য সভা আহ্বান করতে হবে।
- পিএ/পিটিএ কার্যক্রম পুনঃপ্রতিষ্ঠাকল্পে আয়োজিত সভার ব্যাপারে প্রিন্সিপ্যালকে অবশ্যই পিতামাতাদেরকে বিজ্ঞপ্তি দিতে হবে। বিজ্ঞপ্তি অবশ্যই লিখিতভাবে প্রদান করতে হবে। (I.F.4.a দ্রষ্টব্য)।
- পিএ/পিটিএ গঠনকল্পে আয়োজিত সভা অনুষ্ঠানের আগে অন্ততঃ দশ ক্যালেন্ডার দিন আগে জানাতে হবে।
- পিএ/পিটিএ পুনঃপ্রতিষ্ঠার জন্য অবশ্যই একটি আগাম নির্বাচন করতে হবে। (I.F.4 দ্রষ্টব্য)।
- পিএ/পিটিএ পুনঃপ্রতিষ্ঠাকল্পে আয়োজিত সভায় কমপক্ষে ৮জন পিতামাতাকে উপস্থিত হতে হবে।
- প্রিন্সিপ্যাল সংশ্লিষ্ট প্রেসিডেন্টস্ কাউন্সিল, ডিস্ট্রিক্ট বা বরো ফ্যামেলি এডভোকেট, কিংবা ফেইস-এর সাথে পিএ/পিটিএ পুনঃপ্রতিষ্ঠার ব্যাপারে পরামর্শের জন্য যোগাযোগ করতে পারেন।

C. পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত করার কারণসমূহ:

1. আবশ্যিক কর্মকর্তাদের নির্বাচনে অপারগতা

প্রেসিডেন্ট, রেকর্ডিং সেক্রেটারি এবং ট্রেজারার- ৩০ জুনের মধ্যে এই আবশ্যিক তিন সদস্যের নির্বাচন করতে ব্যর্থ হলে পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হবে ১ জুলাই। এই কারণে পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হয়ে থাকলে প্রিন্সিপ্যালকে তা ফেইস-কে জানাতে হবে।

2. আগাম নির্বাচন করতে ব্যর্থতা

পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হয় যদি তা এক বা একাধিক আবশ্যিক কর্মকর্তার শূন্য পদে সময়মতো আগাম নির্বাচন করতে ব্যর্থ হয় (I.F.3 দ্রষ্টব্য)। এই কারণে পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হয়ে থাকলে প্রিন্সিপ্যালকে তা ফেইস-কে জানাতে হবে।

3. কার্যক্রম পরিচালনায় ব্যর্থতা

পরপর ২ মাস কার্যক্রম পরিচালনা করতে ব্যর্থ হলে পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হবে। এই কারণে পিএ/পিটিএ-এর কার্যক্রম স্থগিত হয়ে থাকলে প্রিন্সিপ্যালকে তা ফেইস-কে জানাতে হবে।

D. পিএ/পিটিএ-এর সদস্য হওয়ার যোগ্যতা

1. পিতামাতার যোগ্যতার প্রমাণ প্রতিষ্ঠা

- স্কুলের রেজিস্টারে সন্তানের নাম থাকলেই স্বতোঃক্রিয়ভাবে পিএ/পিটিএ-তে পিতামাতার সদস্য হওয়ার যোগ্যতা প্রতিষ্ঠিত হয়। সিটিওয়াইড নয় এমন কোন স্কুলের সিটিভিত্তিক কোন কর্মসূচিতে তালিকাভুক্ত থাকা কোন পূর্ণকালীন শিক্ষার্থীর একজন পিতা/মাতা সন্তান যে স্কুলে পড়ছে, সে স্কুলের পিএ/পিটিএ-এর সদস্য হওয়ার যোগ্য।[2]
- ছেলেমেয়েরা বিভিন্ন স্কুলে লেখাপড়া করে, এমন পিতামাতাগণ সংশ্লিষ্ট স্কুলগুলোর পিএ/পিটিএ-এর সদস্য।
- কোন পিতামাতা তার স্থলে অন্য কাউকে পিএ/পিটিএ-এর সদস্য হিসেবে স্থলাভিষিক্ত করতে পারবেন না।
- কোন পিএ/পিটিএ কাউকে অনারারি সদস্য, শিক্ষার্থী সদস্য, সাবেক সদস্য বা কর্মকর্তা ইত্যাদি বিবেচনায় সদস্যপদ দিতে পারবে না, যদি-না তার সদস্যপদের যোগ্যতা থাকে।

2. কর্মীর যোগ্যতার প্রমাণ প্রতিষ্ঠা

- পিএ স্কুল-কর্মীদের অন্তর্ভুক্ত করার জন্য ভোটের মাধ্যমে উপবিধি সংশোধন করতে পারবে। পিটিএ-এর পিতামাতা সদস্যগণ ভোটের মাধ্যমে পিএ-তে প্রত্যাবর্তন করতে পারবেন।
- স্কুল-কর্মীদের অন্তর্ভুক্ত করার পক্ষে পিএ ভোট দিলে তা পিটিএ-তে পরিণত হবে। শিক্ষকমণ্ডলী ছাড়াও কোন পিএ তাদের সদস্যপদ অন্য ধরণের স্কুল-কর্মীদেরকে (যেমন, প্যারাপ্রফেশন্যাল, স্কুল এইড, স্কুল সেক্রেটারি, ফুড সার্ভিস ওয়ার্কার ইত্যাদি) অন্তর্ভুক্ত করার জন্য উপবিধি সংশোধন করে নিতে পারে।
- স্কুলের তত্ত্বাবধানকারী কর্মী (প্রিন্সিপ্যাল, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল বা সুপারভাইজার) যে স্কুলে কাজ করেন, সে স্কুলের পিটিএ-এর সদস্য হতে পারবেন না।

E. পিএ/পিটিএ-এর সদস্যদের অংশগ্রহণ

1. ভোট দেওয়া

পিএ/পিটিএ সকল সভায় প্রত্যেক পিতামাতা সদস্যের ভোট দেওয়ার অধিকার আছে। যদি সংগঠনটি পিটিএ-তে পরিণত হয়, তাহলে কর্মী-সদস্যরাও ভোটাধিকারী হবেন। প্রক্সি বা অনুপস্থিত ব্যালটে ভোট দেওয়ার অনুমোদন নেই।

2. চাঁদা

যদিও পিএ/পিটিএ চাইলে চাঁদা সংগ্রহ করতে পারে, তা সত্ত্বেও অংশগ্রহণের বা সদস্য হওয়ার জন্য কোন চাঁদা দেওয়ার শর্ত দেওয়া যাবে না।

[2] সিটিওয়াইড নয় এমন কোন স্কুলের সিটিভিত্তিক কোন কর্মসূচিতে তালিকাভুক্ত থাকা পূর্ণকালীন শিক্ষার্থীর পিতা/মাতাকে হয় সন্তান যে স্কুলে পড়ে, না-হয় সন্তানের নাম যেখানকার রেজিস্টারে আছে, সেখানকার পিএ/পিটিএ-এর সদস্য হতে পারবেন, উভয়টির নয়।

3. নিষেধ

স্কুলের কর্মচারিগণ যে স্কুলে কাজে নিযুক্ত আছেন, সে স্কুলের পিএ/পিটিএ-এর এক্সিকিউটিভ বোর্ড বা মনোনয়ন/নির্বাচন কমিটিতে কাজ করতে পারবেন না। এই নিষেধ শুধু সেসব কর্মচারিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে যারা ডিওই-এর অর্থায়িত সূত্র থেকে বেতন লাভ করেন (যেমন ট্যাক্স লেভি, ফিরতি পরিশোধযোগ্য, কম্যুনিটি-ভিত্তিক সংগঠনের চুক্তি, উপহার, মঞ্জুরি ইত্যাদি)। কাজের ক্ষেত্র স্কুলে অবস্থিত হলেও যারা নিয়মিত স্কুল দিবসের অন্তর্ভুক্ত কর্মসূচির অংশ নয় এমন কর্মসূচির জন্য ডিওই-বহির্ভূত সূত্র থেকে বেতন লাভ করেন, তারা এই নিষেধের অন্তর্ভুক্ত নন।

4. স্বার্থের দ্বন্দ্ব

পিএ/পিটিএ-এর সদস্যদেরকে অবশ্যই সাবধানতার সাথে সেসব পরিস্থিতিকে পরিহার করে চলতে হবে যেখানে তাদের ব্যক্তিস্বার্থ পিএ/পিটিএ-এর সাথে সংঘাতপূর্ণ হয়।

a) সিদ্ধান্ত গ্রহণ - পিএ/পিটি-এর সিদ্ধান্ত অবশ্যই যাদের সাথে স্বার্থের দ্বন্দ্ব নেই, শুধু এমনসব পিতামাতা সদস্যদের অংশগ্রহণ ও ভোটদানের মাধ্যমে গৃহীত হবে।

b) পিএ/পিটিএ কর্মকর্তাদের স্বার্থের দ্বন্দ্ব - স্কুল, কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট, প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি ("পিইপি"), কম্যুনিটি এডুকেশন্যাল কাউন্সিল ("সিইসি"), সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন ("সিসিএসই"), সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস ("সিসিএইচএস"), সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স ("সিসিইএলএলধ"), ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল ("ডি৭৫ কাউন্সিল") বা ডিওই-এর সাথে পিএ/পিটিএ-এর কর্মকর্তাদের কোন ব্যবসায়িক লেনদেন, কিংবা কোন ধরনের চুক্তিসহ কোনপ্রকারের আর্থিক স্বার্থ থাকতে পারে না।

c) ব্যবসায়িক সম্পর্ক – কোন পিএ/পিটিএ-এর সদস্যের যদি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যবসায়িক লেনদেন কোন আর্থিক লাভ, স্কুল, কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট, পিইপি, সিইসি, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল, ডি৭৫, বা ডিওই-এর সাথে কোন চুক্তিসহ কোন স্বার্থ জড়িত থাকে, তাহলে তাকে এগুলোর সাথে সম্পর্কিত বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অংশগ্রহণ থেকে তাকে বিরত থাকতে হবে। যে সভায় এ নিয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা হবে, সে সভায় প্রত্যক্ষ কিংবা পরোক্ষ স্বার্থের কথা সদস্যমণ্ডলীকে জানাতে এবং সভার কার্যবিবরণীতে তা উল্লেখ করিতে হবে। যে সদস্যের সাথে কোন স্বার্থের দ্বন্দ্ব আছে, তাকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ থেকে বিরত থাকতে হবে।

d) এডুকেশন কাউন্সিল সদস্যপদ - পিএ/পিটিএ যেসব সদস্য পিইপি, সিইসি, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল বা ডি৭৫ কাউন্সিলের সদস্য, এবং যারা স্কুলের কোন সমস্যা নিয়ে ভোটাভুটিতে কোন না কোনভাবে অংশগ্রহণ করেছেন যা পিইপি, সিইসি, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল বা ডি৭৫ কাউন্সিলের কাছে উত্থাপন করা হয়েছে, সেসব সদস্যের স্বার্থের দ্বন্দ্ব রয়েছে বলে গণ্য করা হবে এবং তারা সংশ্লিষ্ট পিইপি বা কাউন্সিলের সভায় অংশগ্রহণ করতে পারবেন না।

e) সংগঠনসমূহের সদস্য -আইন, ডিওই-এর নীতি, নিয়ম এবং প্রবিধানের সাথে উপবিধি সাংঘর্ষিক না হয়, তাহলে পিএ/পিটিএ-এর সদস্যগণ জাতীয়, স্টেট বা সিটির সংস্থাসমূহের যে সদস্য হতে পারবেন।

F. পিএ/পিটিএ-এর কর্মকর্তাদের নির্বাচন

পিএ/পিটিএ যাতে স্কুলের সকল পিতামাতাদের কথা বলে, সেটা নিশ্চিত করতে অবশ্যেই সবাইকে নিয়ে সবার অংশগ্রহণের সুযোগ দিয়ে নিরপেক্ষ বার্ষিক নির্বাচন আয়োজন করতে হবে। পিএ/পিটিএ একটি নির্বাচন অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিল বা স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে তত্ত্বাবধান করার অনুরোধ জানাতে পারবে। এক্সিকিউটিভ বোর্ডের সদস্যগণ পিএ/পিটিএ সদস্যমণ্ডলীর সাথে আলাপক্রমে সহায়তার জন্য অনুরোধ জানান যেতে পারে।

1. পিএ/পিটিএ-এর বিভিন্ন কর্মকর্তা নির্বাচন

- নির্বাচনে যাতে সবাই অংশগ্রহণ করার সুযোগ পায় এবং তা নিরপেক্ষ ও পক্ষপাতহীন হয়, সেটা নিশ্চিত করার দায়িত্ব পিএ/পিটিএ-এর।
- নির্বাচন কীভাবে হবে, সেটা পিএ/পিটিএ-এর উপবিধিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে। বিশেষভাবে, উপবিধিতে অবশ্যই প্রার্থীর ভোট প্রার্থনা, মনোনয়ন এবং বিভিন্ন পদে নির্বাচন প্রক্রিয়ার কথা উল্লেখ থাকতে হবে। পিএ/পিটিএ-এর উপবিধি ফেইস-এর পর্যালোচনা ও অনুমোদসাপেক্ষ।
- যাতে নিশ্চিত করা যায় যে, গ্রীষ্ম ঋতু চলাকালে এবং শরত ঋতুতে স্কুল খোলার সময় স্কুলে একটি পিটিএ কার্যকর আছে, সেজন্য প্রত্যেক স্কুল বছরের বসন্তে পিএ/পিটিএ-এর নির্বাচন অনুষ্ঠিত হতে হবে।
- পিএ/পিটিএ-এর কর্মকর্তাবগণ ১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত এক বছরের চন্য নির্বাচিত হন।

a) <u>নির্বাচনের সময়সীমা</u> - যাতে নিশ্চিত করা যায় যে, গ্রীষ্ম ঋতু চলাকালে এবং শরতে স্কুল খোলার সময় স্কুলে একটি পিটিএ কার্যকর আছে, সেজন্যস্কুল বছরের শেষ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করা পিএ/পিটিএ-এর দায়িত্ব।

b) <u>প্রিন্সিপ্যালকে জানান</u> – প্রিন্সিপ্যালকে প্রতি স্কুল বছর বার্ষিক ১ এপ্রিলের মধ্যে বার্ষিক পিএ/পিটিএ-এর নির্বাচনের তারিখ এবং সময় অবগত করতে হবে। যদি প্রিন্সিপ্যালকে ১ এপ্রিলের মধ্যে জানান না হয়, তাহলে তিনি পিএ/পিটিএ-এর প্রেসিডেন্ট-এর কাছ থেকে নির্বাচনের তারিখ ও সময় চেয়ে নেবেন। পিএ/পিটিএ প্রেসিডেন্ট ৭ ক্যালেন্ডার দিনের মধ্যে এর জবাব দিতে ব্যর্থ হলে প্রিন্সিপ্যাল সকল পিতামাতাকে তা জানাবেন এবং নির্বাচনের তারিখ ঠিক করার জন্য একটি সভা ডাকবেন।

c) <u>লিখিত নির্বাচনী বিজ্ঞপ্তি</u> – সকল সদস্যগণ যাতে নির্বাচনী সভার লিখিত বিজ্ঞপ্তি লাভ করেন, সেটা নিশ্চিত করার দায়িত্ব পিএ/পিটিএ-এর। নির্বাচনী সভার অন্ততঃ ১০ ক্যালেন্ডার দিন আগে অবশ্যই প্রচার করতে হবে। যদি নমিনেশন শেষ হয়ে যায়, নির্বাচনী বিজ্ঞপ্তিতে প্রতিটি পদের প্রার্থীদের শেষ নামের আদ্যাক্ষর অনুযায়ী প্রার্থীদের নাম অন্তর্ভুক্ত করা যেতে পারে। নির্বাচনী সভার বিজ্ঞপ্তিতে অবশ্যই নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে:

- এক্সিকিউটিভ বোর্ডের সকল শূন্য পদের তালিকা (পিএ/পিটিএ-এর উপবিধি অনুযায়ী শরত ঋতুতে নির্বাচিত করার জন্য কিছু পদ সংরক্ষিত রাখতে পারে যা আবশ্যিক নয়)।
- সকল পদের জন্য যোগ্য হওয়ার একমাত্র শর্ত স্কুলের কোন শিক্ষার্থীর পিতামাতা হওয়া, সে ব্যাপারে একটি স্বীকৃতি।

- কার্যকাল বা মেয়াদ, যদি উপবিধিতে উল্লিখিত থাকে।
- পিতামাতা যে ব্যবস্থার কারণে পিএ/পিটিএ-এর কোন পদের জন্য প্রার্থী হতে পারেন।
- নমিনেশন গ্রহণের শেষ তারিখ।

d) প্রার্থীদের অধিকার

সদস্যদের সামনে বক্তৃতা – নির্বাচনী সভা চলাকালে প্রার্থীদের অবশ্যই ভোটের আগে সদস্যমণ্ডলীর সামনে বক্তৃতা দেওয়ার সুযোগ দিতে হবে। সদস্যমণ্ডলীর সামনে বক্তৃতা দেওয়ার সুযোগ দিতে হবে। যদি কোন প্রার্থী উপস্থিত হতে না পারেন, অন্য কোন সদস্য সে প্রার্থীর পক্ষ থেকে দেওয়া বিবৃতি পাঠ করতে পারবেন। পিএ/পিটিএ-এর উপবিধিতে নির্বাচনের আগে, কিন্তু নমিনেশন জমা দেওয়া শেষ হওয়ার পর প্রার্থীদের বিবৃতি বিলি করার একটি প্রক্রিয়া অন্তর্ভুক্ত থাকতে পারে। এই প্রক্রিয়াতে একটি প্রার্থী ফোরাম আয়োজনের ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকতে পারে। সকল প্রার্থীকে এতে অংশগ্রহণের সমান সুযোগ দিতে হবে।

যদি পিএ/পিটিএ-এর উপবিধি প্রার্থীদের বিবৃতি প্রচারের অনুমোদন দেয়, তাহলে সকল বিবৃতিকে অবশ্যই উপযুক্ত হতে হবে। অনুপযুক্ত উপকরণের মধ্যে আছে, অবজ্ঞামূলক, অবমাননাকর, অশ্লীল কিংবা শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন সৃষ্টিকারী কোন কিছু।

ভোটের সময় উপস্থিতি – কোন পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য হতে হলে নির্বাচনের সময় তার উপস্থিতি বাধ্যতামূলক নয়। প্রার্থী যে নির্বাচনের দিন উপস্থিত থাকতে পারবেন না, সেটা নমিনেটিং কমিটিকে অবগত করতে প্রার্থীকে অবশ্যই সর্বাত্মক চেষ্টা করতে হবে।

প্রচারণা – একজন প্রার্থী বা দলভুক্ত প্রার্থীদের সমর্থনে স্কুল এলাকায় কোন প্রার্থী, প্রার্থীর সমর্থক, পিএ/পিটিএ-এর এক্সিকিউটিভোবর্ড বা পিএ/পিটিএ কমিটি কোন কিছু বিতরণ করতে বা প্রকাশ্যে কিংবা স্কুলের ওয়েবসাইটে পোস্ট করতে পারবে না। যিনি এই নিয়ম ভঙ্গ করবেন, তিনি ঐ প্রার্থীর পদটিতে নির্বাচিত হওয়ার যোগ্যতাকে ঝুঁকির মুখোমুখী করে তুলবেন। যিনি এই নিয়ম ভঙ্গ করবেন, তিনি অযোগ্য বিবেচিত হতে পারেন এবং সেই বছর কোন পদে নির্বাচনে অংশগ্রহণের যোগ্যতা হারিয়েছেন বলেও গণ্য হতে পারেন এবং কোন পিএ/পিটিএ বা প্রেসিডেন্টস কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড, স্কুল বা ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, স্কুল বা ডিস্ট্রিক্ট টাইটেল ওয়ান প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, সিইসি, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল, বা ডি৭৫ কাউন্সিলে কাজ করায় নিষিদ্ধ ঘোষিত হতে পারেন।

e) প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পদ – যখন কোন পদের জন্য একাধিক প্রার্থী থাকবেন, তখন এই অংশে যে নির্দিশনা রয়েছে, তা অনুসরণ করতে হবে।

ভোটারদের যোগ্যতা নির্ধারণ – নির্বাচনকালে যারা পিএ/পিটিএ-এর সদস্য থাকবেন, তাদের সবাই ভোটদানের যোগ্য। যারা আসন্ন বছর থেকে শুরু করে সদস্য হবেন, তারা ভোট দিতে পারবেন না (যেমন নতুন ভর্তি হবে, এমন শিক্ষার্থীদের পিতামাতা) প্রিন্সিপ্যাল বা স্থলাভিষিক্ত ব্যক্তি অবশ্যই সকল ভোটারদের যোগ্যতা যাচাই করবেন এটা নিশ্চিত করে যে, তাদের পিএ/পিটিএ-এর সদস্য হওয়ার যোগ্যতা রয়েছে। এই যোগ্যতা যাচাই করতে হবে ব্যালট পেপার বিতরনের আগে।

ব্যালটের ব্যবহার – প্রক্সি বা অনুপস্থিত ব্যালটে ভোট দেওয়ার অনুমোদন নেই। চ্যান্সেলরের প্রবিধান A-663 অনুসারে অন্তর্ভুক্ত ভাষাগুলোতে নমুনা ব্যালট পাওয়া যাবে http://schools.nyc/gov/parentleadershipওয়েবসাইটে। বর্তমানে প্রস্তুত নেই, এমন ভাষায় ব্যালটের নমুনা পেতে হলে, স্কুলকে ডিওই-এর ট্র্যান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেনশন ইউনিটের সাথে যোগাযোগ করতে হবে। পিএ/পিটিএ-এর উপবিধিতে অন্য কোন নির্দেশ(যেমন উপবিধি ইলেকট্রনিক ব্যালট অনুমোদন দিলে) দেওয়া না থাকলে, নির্বাচনী সভা শেষ না হওয়া পর্যন্ত ব্যালটগুলো সভাকক্ষেই থাকতে হবে। ভোট শেষ হওয়ার পরপরই ব্যালটগুলো গুণতে হবে এবং তা গুণতে হবে উপস্থিত সকল সদস্যদের সামনেই। ঘটনাক্রমে যদি প্রার্থীরা সমানসংখ্যক ভোট লাভ করেন এবং অন্য কোন প্রার্থী অধিকসংখ্যক ভোট না পেয়ে থাকেন, তাহলে অবশ্যই পুনর্নির্বাচন করতে হবে। শুধু যেসব প্রার্থী টাই হয়েছিলেন বা সমান ভোট পেয়েছিলেন, তারাই এই পুনর্নির্বাচনের অংশগ্রহণ করতে পারবেন।

ব্যালট সংরক্ষণ – ব্যালটগুলোকে স্কুল থেকে সরানো যাবে না। পিএ/পিটিএ-কে সকল ব্যালট নির্বাচনের পরবর্তী এক বছর পর্যন্ত কিংবা দায়েরকৃত কোন অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, যেটা পরে আসে, সেটা সমাধান হওয়া পর্যন্ত স্কুল এলাকার মধ্যে সংরক্ষণ করতে হবে।

f) প্রতিদ্বন্দ্বিতাহীন পদ – পিএ/পিটিএ-এর উপবিধিতে অন্য কোন নির্দেশ দেওয়া না থাকলে, প্রতিদ্বন্দ্বিতাহীন পদের একক প্রার্থীকে নির্বাচিত করতে হলে সে প্রার্থীর পক্ষে একজন সদস্যকে অবশ্যই সমর্থনজ্ঞাপক ভোট দেওয়ার প্রস্তাব দিতে হবে। এই প্রস্তাব অনুমোদন করতে হলে সদস্যদের একজনের ভোটের প্রয়োজন। প্রস্তাবের ফল অবশ্যই সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে।

g) সার্টিফিকেশন অব ইলেকশন (নির্বাচন নিশ্চিতকরণ) – প্রিন্সিপ্যাল বা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে অবশ্যই নির্বাচনী সভা সমাপ্ত হওয়ার আগেই ইলেকশন সার্টিফিকেশন ফরম-এ সই দিয়ে নিশ্চিতকরণ করতে হবে যে নমিনেশন এবং নির্বাচন প্রক্রিয়া এই প্রবিধান ও পিএ/পিটিএ উপবিধিতে উল্লিখিত প্রক্রিয়া অনুযায়ী অনুষ্ঠিত হয়েছে। সার্টিফিকেশন ফরম পাওয়া যাবে http://schools.nyc/gov/parentleadership ওয়েবসাইটে। প্যারেন্ট কোঅর্ডিনেটর প্রিন্সিপ্যালের স্থলাভিষিক্ত ব্যক্তি হতে পারবেন না।

পিএ/পিটিএ-এর নির্বাচিত কর্মকর্তাগণকে সার্টিফিকেশন ফরম-এ তাদের সাথে যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করা হচ্ছে। পিএ/পিটিএ-এর আবশ্যিক কর্মকর্তাদের ব্যক্তিগত ফোন নম্বর ও ইমেইল ঠিকানা সংশ্লিষ্ট প্রেসিডেন্টস্ কাউন্সিল-এর সাথে বিনিময় করা হবে, যদি সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের তথ্য বিনিময় করতে সার্টিফিকেশন ফরম-এ নিষেধ না করে থাকেন।

সইকৃত সার্টিফিকেশন ফরম অবশ্যই প্রিন্সিপ্যালের অফিসের ফাইলে একটি কপি রেখে পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডের কাছে থাকবে। প্রিন্সিপ্যাল বা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে অবশ্যই স্কুল-প্যারেন্ট লিডার কনট্যাক্ট ইনফরমেশন সিস্টেম নির্বচন শেষ হওয়ার ৫ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে, যাতে প্রিন্সিপ্যালের পোর্টাল-এর মাধ্যমে তা খোঁজে পাওয়া যায়।

2. শরতের নির্বাচনের জন্য পদ সংরক্ষণ

নবাগত শিক্ষার্থীদের পিতামাতাদের অন্তর্ভুক্ত করার জন্য পিএ/পিটিএ উপবিধি আবশ্যক নয় এমনসব পদের (যেমন ভাইস প্রেসিডেন্ট) নির্বাচন হেমন্ত ঋতুতে আয়োজিত করতে পারে। সংরক্ষিত পদসমূহ এবং সময়সীমা ও নির্বাচন প্রক্রিয়ার কথা উপবিধিতে চিহ্নিত থাকতে হবে।

3. শূন্য পদসমূহ পূরণ করা

পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডকে পদশূন্যতার কথা এবং সে পদশূন্যতা উত্তরাধিকারক্রমে না ত্বরায়িত নির্বাচনের মাধ্যমে পূরণ করা হবে, সকল সদস্যদেরকে তা লিখিতভাবে জানাতে হবে ৫ ক্যালেন্ডার দিনের মধ্যে। পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ড সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিল বা স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছে পদশূন্যতা পূরণের সময় পরামর্শ প্রদানের অনুরোধ জানাতে পারে। শূন্যপদ পূরণের সাথে সাথেই পিএ/পিটিএ-এর ইলেকশন সার্টিফিকেশন ফরম অবশ্যই হালনাগাদ করতে হবে।

a) <u>স্কুল বছর শুরুর পূর্বেই কোন কর্মকর্তার পদ শূন্য হলে</u> - যদি পিএ/পিটিএ-এর এক বা একাধিক পদ স্কুল বছর শুরুর পূর্বেই শূন্য হয় পদত্যাগজনিত কারণ ছাড়া, তাহলে অবশিষ্ট এক্সিকিউটিভ কমিটির সদস্যদেরকে ১৫ অক্টোবরের মধ্যেই শূন্য পদসমূহের জন্য একটি ত্বরায়িত নির্বাচনের ব্যবস্থা করতে হবে।

b) <u>স্কুল বছর শুরুর পরে কোন কর্মকর্তার পদ শূন্য হলে</u> - স্কুল বছর শুরুর পর পদশূন্যতা দেখা দিলে সে পদশূন্যতা উত্তরাধিকারক্রমে পূরণের নিয়ম অবশ্যই পিএ/পিটিএ উপবিধিতে থাকতে হবে। এছাড়াও উপবিধিতে সেসব শূন্য পদসমূহ পূরণের জন্য কর্মকর্তাদের পদসমূহের অনুক্রম উল্লেখ করা থাকতে হবে। পিএ/পিটিএ কর্মকর্তাগণ তাদের পদ ধরে রাখতে এবং কোন শূন্য পদটি গ্রহণ না-ও করতে পারে।

কোন সহ-কর্মকর্তার পদত্যাগে অবশিষ্ট সহ-কর্মকর্তা মেয়াদের বাকি সময় শূন্যপদটি পূরণ করবেন, না-কি ত্বরায়িত নির্বাচনের ব্যবস্থা করতে হবে, পিএ/পিটিএ সদস্যগণকে অবশ্যই সেটা ভোটের মাধ্যমে নির্ধারণ করবেন।

যদি কোন আবশ্যিক কর্মকর্তার পদ উত্তরাধিকারক্রমে পূরণ করা না যায়, পিএ/পিটিএ-কে অবশ্যই সেকশন I.F.4 অনুযায়ী ত্বরায়িত নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

4. ত্বরায়িত নির্বাচন

ত্বরায়িত নির্বাচন প্রয়োজন হয় যখন কোন পিএ/পিটিএ বৈধ বার্ষিক নির্বাচনের ব্যবস্থা করতে ব্যর্থ হয় বা উত্তরাধিকারক্রমে শূন্য কর্মকর্তার পদ পূরণ করতে ব্যর্থ হয়।

a) <u>লিখিত নির্বাচনী বিজ্ঞপ্তি</u> – সকল সদস্যগণ যাতে ত্বরায়িত নির্বাচনী সভার লিখিত বিজ্ঞপ্তি লাভ করেন, সেটা নিশ্চিত করার দায়িত্ব পিএ/পিটিএ-এর। ত্বরায়িত নির্বাচনী সভার অন্ততঃ ১০ ক্যালেন্ডার দিন আগে অবশ্যই প্রচার করতে হবে। ত্বরায়িত নির্বাচনী সভার বিজ্ঞপ্তিতে অবশ্যই নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে:

- কর্মকর্তাদের শূন্য পদসমূহের তালিকা
- সকল পদের জন্য যোগ্য হওয়ার একমাত্র শর্ত স্কুলের কোন শিক্ষার্থীর পিতামাতা হওয়া, সে ব্যাপারে একটি স্বীকৃতি।
- কার্যকাল বা মেয়াদ, যদি উপবিধিতে উল্লিখিত থাকে।
- সকল নমিনেশন সভায় উপস্থিত সদস্যদের মধ্য থেকে গ্রহণ করা হবে, সে বিষয়ের উল্লেখ।

b) <u>ত্বরায়িত নির্বাচন পরিচালনা</u>

নমিনেশন – নির্বাচনী সভা চলাকালে সকল নমিনেশন উপস্থিত সদস্যদের মধ্য থেকে গ্রহণ করা হয়। একজন পিতামাতা সদস্য যিনি কোন পদ চাইছেন না, তিনি ত্বরায়িত নির্বাচনী সভায় সভাপতিত্ব করতে পারবেন।

ভোট দেওয়া - কোন পদের জন্য যখন একাধিক প্রার্থী থাকবেন, তখন অবশ্যই সেকশন I.F.1.e অনুযায়ী লিখিত ব্যালট ব্যবহার করতে হবে। যখন কোনপেদের জন্য একজন মাত্র প্রার্থী থাকবেন, তখন পিএ/পিটিএ সেকশন I.F.1.f-এ উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করতে পারে।

5. কর্মকর্তাদের যোগাযোগের তথ্য

পিএ/পিটিএ-এর এক্সিকিউটিভ বোর্ডকে অবশ্যই নির্বাচিত কর্মকর্তাদের তালিকা সদস্যগণ যাতে পেতে পারেন, সে ব্যবস্থা করতে হবে। সে তালিকাতে অবশ্যই কর্মকর্তাদের নাম এবং একটি ফোন নম্বর বা ইমেইল ঠিকানা অন্তর্ভুক্ত করতে হবে যা ব্যবহার করে পিতামাতাগণ কর্মকর্তার সাথে যোগাযোগ করতে পারবেন। সে তালিকায় কর্মকর্তাদের বাড়ির ঠিকানা না-ও থাকতে পারে। পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডের সাথে যোগাযোগের একটি উপায় (যেমন ডিওই-এর ইস্যু করা পিএ/পিটিএ ইমেইল ঠিকানা [3] কিংবা স্কুলে পিএ/পিটিএ-এর ফোনের এক্সটেনশন) অবশ্যই দিতে হবে। সে তালিকাটি অবশ্যই প্রিন্সিপ্যালের অফিসে এবং প্রতিটি পিএ/পিটিএ সভায় যাতে পাওয়া যায়, সে ব্যবস্থা করতে হবে। স্কুল বছরের শুরুতে তালিকাটি স্কুলে পোস্ট করতে হবে এবং অনুরোধসাপেক্ষে যেকোন পিএ/পিটিএ সদস্য যাতে পেতে পারে, সে ব্যবস্থা করতে হবে।

G. পিএ/পিটিএ-এর অধিকার ও দায়িত্ব

প্রতিটি স্কুলে শক্তিশালী ও কার্যকর পিতামাতা প্রতিনিধিত্ব গড়ে তোলার জন্য পিএ/পিটিএ সদস্য ও স্কুল কর্মকর্তাদেরকে দণ্ড বা প্রতিহিংসার ভয় থেকে মুক্ত রাখতে হবে এবং তাদের সাথে অবশ্যই ন্যায়সঙ্গত আচরণ করতে হবে।

আত্মনির্ধারণই আবশ্যিক নিয়ম এবং পিএ/পিটিএ পরিচালনার ক্ষেত্রে এটি ব্যত্রিক্রম নয়। পিএ/পিটিএ তাদের নিজস্ব কর্মকাণ্ড এবং তাদের নিজস্ব কাজকর্ম পরিচালনার জন্য দায়বদ্ধ। তারা প্রিন্সিপ্যাল বা অন্য কোন স্কুল কর্মকর্তাদের দ্বারা পরিচালিত হবে না। নিচে উল্লিখিত অধিকারগুলো কার্যকর আছে, সেটা নিশ্চিত করার জন্য সকল সদস্যদের ফেইস-এ অভিযোগ করার অধিকার আছে।

1. পিএ/পিটিএ উপবিধি প্রতিষ্ঠা

পিএ/পিটিএ-কে অবশ্যই পিতামাতা সদস্যদের ভোটের মাধ্যমে একগুচ্ছ উপবিধি গৃহীত থাকতে হবে। উপবিধি প্রয়োজন হলে পরিবর্তন করতে হবে। সকল উপবিধিকে অবশ্যই এই প্রবিধানের শর্ত মেনে চলতে হবে। পিএ/পিটিএ-এর নমুনা উপবিধি পাওয়া যাবে http://schools.nyc/gov/parentleadership ওয়েবসাইটে।

পিএ/পিটিএ-এর উপবিধিতে যদি এমন কোন ধারা থাকে যা প্রবিধানের সাথে সাংঘর্ষিক, তাহলে এই প্রবিধানের ধারাগুলো নিয়ামক হিসেবে গণ্য হবে। পিএ/পিটিএ উপবিধির অন্যসব ধারার যেগুলো এই প্রবিধানের সাথে সাংঘর্ষিক নয়, সেগুলো পূর্ণমাত্রায় কার্যকর থাকবে। এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়, সাধারণ সদস্যমণ্ডলীর সভায় উপবিধির এমন কোন ধারা সংশোধনের প্রস্তাব পিএ/পিটিএ-এর যে কোন সদস্য উত্থাপন করতে পারেন। উপবিধিকে সাঞ্জস্যপূর্ণ করে, এমন কোন প্রস্তাব উত্থাপনের অব্যবহিত পরেই তা ভোটাভুটিতে দিতে হবে এবং এতে উপস্থিতি সদস্যদের দুই-তৃতীয়াংশের অনুমোদন আবশ্যক।

পিএ/পিটিএ-কে অবশ্যই তাদের উপবিধিকে প্রতি তিন বছর অন্তর অন্তর এবং প্রবিধান সংশোধনের সাথে সাথে পর্যালোচনা করতে হবে। *রবার্টস রুলস অব অর্ডার - (রবার্ট-এর শৃঙ্খলঅবিধি) নতুনভাবে সংশোধিত* পিএ/পিটিএ-এর উপবিধি ব্যাখ্যায় সূত্র হিসেবে ব্যবহৃত হতে পারে।

[3] ডিওই-এর ইস্যু করা পিএ ইমেইল ঠিকানা অ্যাক্টিভেট বা রিসেট করতে বা পিএ এক্সিকিউটিভ বোর্ডের কোন সদস্যকে ডিওই হেল্প ডেস্ক-এ (718) 935-5100 নম্বরে যোগাযোগ করতে হবে।

পিএ/পিটিএ-কে অবশ্যই উপবিধি ও সংশ্লিষ্ট সংশোধনীর একটি কপি প্রিন্সিপ্যালকে দিতে হবে। প্রিন্সিপ্যাল নিশ্চিত করবেন যে উপবিধি ও সংশোধনী তার অফিস থেকে পাওয়ার ব্যবস্থা আছে। পিএ/পিটিএকে অবশ্যই তার উপবিধি ও সংশোধনীর একটি কটি প্রতিটি সভায় রাখা হবে এবং সদস্যদের যুক্তিসঙ্গত অনুরোধসাপেক্ষে দেওয়ার ব্যবস্থা করা হবে।

সম্ভাব্য ক্ষেত্রে ইংরেজিভিন্ন অন্য ভাষাভাষী পিতামাতাদের ভাষায় উপবিধি তৈরির ব্যবস্থা করতে হবে। চ্যান্সেলরের প্রবিধান A-663 অনুসারে অন্তর্ভুক্ত ভাষাগুলোতে নমুনা ব্যালট পাওয়া যাবে http://schools.nyc/gov/parentleadershipওয়েবসাইটে। বর্তমানে প্রস্তুত নেই, এমন ভাষায় উপবিধির নমুনা পেতে হলে, স্কুলকে ডিওই-এর ট্র্যান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেনশন ইউনিটের সাথে যোগাযোগ করতে হবে।

2. তথ্য অবগত হওয়া ও স্কুল কর্মকর্তাদের সাথে আলোচনা করা

সম্ভাব্য ক্ষেত্রে প্রিন্সিপ্যালকে স্কুলের জন্য পরিকল্পনা তৈরির উদ্যোগ গ্রহণের বেলায় প্রতিটি ধাপে পিতামাতাদের সাথে আলোচনা করতে হবে। পিটিএ যাতে তার লক্ষ্য সাধন করতে পারে, সেজন্য নিয়মিতভিত্তিতে স্কুল কর্মকর্তাদের ও পিএ/পিটিএ-এর মধ্যে যোগাযোগ করা গুরুত্বপূর্ণ। পিএ/পিটিএ-কে এমন প্রক্রিয়ায় তথ্য লাভ করতে হবে যাতে স্কুলকে প্রভাবিত করতে পারে যার জন্য অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হয়, এমন জরুরি পরিস্থিতি তারা জানতে পারেন।

a) তথ্য – শিক্ষার্থীদের সাফল্য ও স্কুলের পরিচালনা সম্পর্কে প্রিন্সিপ্যালের কাছ থেকে পিএ/পিটিএ-এর পূর্ণ ও বাস্তবভিত্তিক তথ্য লাভ করার অধিকার আছে। প্রতি বছর ১৫ ডিসেম্বরের পর প্রিন্সিপ্যালকে অবশ্যই স্কুলের নিরাপত্তা পরিকল্পনা, শৃঙ্খলাবিধি এবং উপস্থিতি পরিকল্পনা সম্পর্কে একটি সংক্ষেপিত সারাংশ পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডের কাছে দিতে হবে। প্রতি বছর ১৫ অক্টোবরের পর প্রিন্সিপ্যালকে অবশ্যই বিগত বছরের প্রতি মাসের আয়-ব্যয়সহ স্কুলের সকল তহিল সংগ্রহ উদ্যোগ, সাথে সাথে চলিত স্কুল বছরের প্রতি মাসে আনুমানিক সংগৃহীত আয়ের পরিমাণ উল্লেখ করে একটি লিখিত প্রতিবেদনপিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডের কাছে জমা দিতে হবে।

পিএ/পিটিএ কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (সিইপি) এবং স্কুল পোর্টাল-এ ডিওই-এর গ্যালাক্সি বাজেটিং সিস্টেম-এ লভ্য স্কুলের বাজেট সম্পর্কে জনসাধারণের মতামতসহ স্কুলভিত্তিক বাজেট-এর তথ্য প্রদান করার জন্য প্রিন্সিপ্যালকে অনুরোধ জানাতে পারে। পিএ/পিটিএ প্রেসিডেন্ট স্কুল লিডারশিপ টিম (এসএলটি)-এর সভায় আলোচিত তথ্য পিএ/পিটিএ-এর সকল সদস্যদেরকে জানানর জন্য দায়বদ্ধ থাকবেন।

অনুরোধসাপেক্ষে প্রিন্সিপ্যাল পিএ/পিটিএ-এর এক্সিকিউটিভ বোর্ডকে চ্যান্সেলরের প্রবিধানের কপিসহ শিক্ষার্থীদের পরীক্ষার সময়সূচি এবং শিক্ষার্থীদের অর্জিত সাফল্যের পূর্ণ ও প্রকৃত তথ্য প্রদান করবেন।

উপরোক্ত কোন তথ্য পিএ/পিটিএ-কে প্রদান করতে অস্বীকার করলে ফেইস-এর কাছে অভিযোগ করা যেতে পারে।

b) আলোচনা

প্রিন্সিপ্যালের সাথে পিএ/পিটিএ-এর আলোচনা - প্রিন্সিপ্যালকে অবশ্যই তিনমাসে একবার পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ড-এর সাথে সাক্ষাত করতে হবে। পিএ/পিটিএ-কে এই শর্ত পূরণ করার জন্য তাদের এক্সিকিউটিভ বোর্ডের সকল বা আংশিক সভায় প্রিন্সিপ্যালকে উপস্থিত হতে আমন্ত্রণ জানাতে উৎসাহিত করা হয়। ত্রৈমাসিক সভার আলোচ্য বিষয়রে মধ্যে স্কুল এবং পিএ/পিটিএ-এর লক্ষ্য, ফান্ডরেইজিং-এর পরিকল্পনা এবং অন্তর্বর্তী ও বার্ষিক ফাইন্যানশিয়াল রিপোর্ট পর্যালোচনা ইত্যাদি অন্তর্ভুক্ত থাকতে পারে।

সুপারিনটেনডেন্ট ও সিইসি-এর সাথে পিএ/পিটিএ-এর আলোচনা - প্রত্যেক সুপারিনটেনডেন্ট এবং সিইসি-কে তাদের আওতাভুক্ত পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ড-এর সাথে কমপক্ষে তিনমাসে একবার সাক্ষাত করতে হবে।

একাধিক স্কুলবিশিষ্ট ভবনে পিএ/পিটিএ-এর আলোচনা - ভবনের সকল পিএপিটিএ-এর এক্সিকিউটিভ বোর্ড প্রয়োজনে যৌথ সভায় মিলিত হতে পারে। শিক্ষার্থীদের স্বাস্থ্যের উপর প্রভাব বিস্তারকারী কোন সমস্যা বা শিক্ষার্থীদের ভালোমন্দসহ ভবনের কোন সমস্যা নিয়ে স্কুলের প্রিন্সিপ্যালের সাথে পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডের কথা বলার অধিকার আছে।

3. পিএ/পিটিএ প্রকাশনা টাঙ্গানো ও বিতরণ

পিএ/পিটিএ পিতামাতাদের কাছে ডাক-ব্যবস্থায় সহায়তার জন্য প্রিন্সিপ্যালের কাছে অনুরোধ জানাতে পারবেন। ফ্যামেলি এডুকেশন রাইট অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (পরিবারের শিক্ষার অধিকার ও গোপনীয়তা আইন, FERPA) অনুযায়ী পিএ/পিটিএ-কে শিক্ষার্থী বা পিতামাতার নাম, ঠিকানা, বা অন্য কোন যোগাযোগের তথ্য পিতামাতার লিখিত অনুমোদন ছাড়া দিতে পারবে না। সকল পিতামাতার যোগাযোগের তথ্য অবশ্যই আইনসিদ্ধ পিএ/পিটিএ-এর কাজে ব্যবহার করা যাবে, ব্যক্তিগত যোগাযোগের জন্য নয়।

প্রিন্সিপ্যাল কর্তৃক চিহ্নিত স্কুলের কোন স্থানে মুদ্রিত কিছু টাঙ্গানোর করার অধিকার পিএ/পিটিএ সংরক্ষণ করে। টাঙ্গানো বা বিতরণ করার জন্য প্রকাশনার মধ্যে থাকতে পারে মুদ্রিত কোন কিছু যেমন, বিশেষ সংখ্যা, বুলেটিন, ফ্লায়ার, নোটিশ, পোস্টার এবং বাটন ইত্যাদি। সভার বিজ্ঞপ্তি স্কুলের ওয়েবসাইটে পোস্ট করার অধিকার পিএ/পিটিএ সংরক্ষণ করে। এছাড়াও পিএ/পিটিএ স্কুলের ওয়েবসাইটে বাড়তি কোন তথ্য, যেমন সংগঠনের উপবিধি এবং বুলেটিন ইত্যাদি পোস্ট করার জন্য প্রিন্সিপ্যালের কাছে অনুরোধ জানাতে পারেন।

স্কুলে কোন কিছু টাঙ্গানো, স্কুলের ওয়েবসাইটে কিছু প্রদর্শন করা, কিংবা শিক্ষার্থীদের হাতে কিছু দেওয়ার বেলায় পিএ/পিটিএ যৌক্তিক বিচারবুদ্ধি প্রয়োগ করবে বলে প্রত্যাশা করা হয়। যেসব জিনিস টাঙ্গানো বা বিতরণ করা হবে, সেগুলোকে প্রিন্সিপ্যালকে দেখাতে হবে এবং প্রিন্সিপ্যাল সেগুলো পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যে সেগুলো পোস্ট বা বিতরণ করা হবে কী-না, সে সিদ্ধান্ত দেবেন। বেমানান বা অনুপযোগী কোন কিছু পোস্ট বা বিতরণ করা হচ্ছে না, সেটা নিশ্চিত করার জন্য সব কিছু পর্যালোচনা করে দেখার জন্য প্রিন্সিপ্যাল দায়বদ্ধ। বেমানান বা অনুপযোগী বিষয়গুলোর মধ্যে আছে সেসব কিছু যা অবমাননাকর, অশ্লীল বা বয়সের তুলনায় অনুপযুক্ত, বা শিক্ষাগত প্রক্রিয়ায় বিঘ্ন সৃষ্টিকারী। পিএ/পিটিএ-এর সভার বিজ্ঞপ্তি বা বিতরণের জন্য কোন বিষয় প্রিন্সিপ্যাল কেটে বাদ দিতে বা সম্পাদনা করতে পারবেন না। প্রিন্সিপ্যালের নাম এবং সই অবশ্যই পিএ/পিটিএ-এর কোন কিছুতে সংযোজিত করা যাবে না।

4. পিএ/পিটিএ সভা আয়োজন

a) সাধারণ সদস্য সভা – পিএ/পিটিএ-কে প্রতি স্কুল বছরে অন্তত ৯টি মাসিক সাধারণ সদস্য সভা করতে হবে।

সভার সময় - পিএ/পিটিএ উপবিধিতে অবশ্যই সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ ও সময় (যেমন মাসের শেষ মঙ্গলবার সন্ধ্যা ৭:০০টার সময়) সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। উপবিধি পর্যালোচনা করে বা সাধারণ সদস্য সভায় কোন সদস্যের প্রস্তাবের ভিত্তিতে এক্সিকিউটিভ বোর্ড অবশ্যই পিতামাতা সদস্যদের মধ্যে সমীক্ষা পরিচালনা করে সাধারণ সদস্য সভার তারিখ ও সময় পরিবর্তন করতে হবে কী না, সেটা নির্ধারণ করবে।

বিজ্ঞপ্তি – সভার বিজ্ঞপ্তি অবশ্যই সভার তারিখের ১০ ক্যালেন্ডার দিন আগে পাঠাতে হবে। পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ডকে নিশ্চিত করতে হবে যেনো সভার বিজ্ঞপ্তিগুলো সকল পিতামাতাদের হাতে পৌঁছায়, এমনভাবে (যেমন ব্যাকপ্যাক, ডাক-মারফত, স্বয়ংক্রিয় ফোন কল, ইমেইল) প্রেরণ করা হয়। সকল পিতামাতা অবগত হতে পেরেছেন, সেটা নিশ্চিত করতে হলে একাধিক প্রক্রিয়ায় যোগাযোগ করার প্রয়োজন হতে পারে। পিএ/পিটিএ-কে অবশ্যই সেকশন I.G.3 অনুযায়ী সভার বিজ্ঞপ্তি প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে হবে। চ্যান্সেলরের প্রবিধান A-663 অনুসারে http://schools.nyc/gov/parentleadership ওয়েবসাইটে অন্তর্ভুক্ত ভাষাগুলোতে সভার নমুনা বিজ্ঞপ্তি পাওয়া যাবে। বর্তমানে প্রস্তুত নেই, এমন ভাষায় অনূদিত নমুনা বিজ্ঞপ্তি পেতে হলে, স্কুলকে ডিওই-এর ট্র্যান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিটের সাথে যোগাযোগ করতে হবে।

সভার স্থান - পিএ/পিটিএ-এর সকল সভা অনুষ্ঠিত হবে পিএ/পিটিএ-এর হোম স্কুলে।

সভা পরিচালনা – এই প্রবিধানে বা পিএ/পিটিএ-এর উপবিধিতে অন্যভাবে উল্লেখ না থাকে, তাহলে সভা অবশ্যেই অনুষ্ঠিত হবে *রবার্টস রুলস অব অর্ডার - নতুনভাবে সংশোধিত* অনুযায়ী।

কোরাম – সাধারণ সদস্যমণ্ডলীর সভার কোরাম হবে ২জন এক্সিকিউটিভ বোর্ডের সদস্য ও ৬জন পিতামাতা সদস্যসহ কমপক্ষে ৮জন পিএ/পিটিএ-এর সদস্যের উপস্থিতিতে। কোরাম পূর্ণ না হলে পিএ/পিটিএ সভা তহবিল থেকে অর্থ ব্যয়ের অনুমোদন এবং কোন প্রস্তাবের জন্য ভোটাভুটি করতে পারবে না, তবে বাধ্যবাধক নয় এমন বিষেয়ে আলোচনা করতে পারবে। সভা অনুষ্ঠানের জন্য পিএ/পিটিএ-এর উদ্যোগে যখন পর্যাপ্ত সংখ্যক উপস্থিতির অভাবে সাধারণ সদস্য সভার কোরাম পূর্ণ হয় না, তখন পিএ/পিটিএ এক্সিকিউটিভ বোর্ড সভায় উপস্থিতি বৃদ্ধির জন্য স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং সংশ্লিষ্ট প্রেসিডেন্ট কাউন্সিলের কাছ থেকে সহায়তা চাইতে পারবে।

উপস্থিতি ও অংশগ্রহণ - পিএ/পিটিএ সভা অবশ্যই নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ল অনুযায়ী রুদ্ধ-দ্বার হবে না এবং জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। পিএ/পিটিএ সদস্যগণ সকল সাধারণ সদস্য সভায় উপস্থিত হতে ও অংশগ্রহণ করতে পারবেন। এছাড়াও, যেসব ব্যক্তি পিএ/পিটিএ-এর সদস্য নয়, তারাও সাধারণ সদস্য সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকতে পারবেন, কিন্তু কোন আলোচনায় অংশগ্রহণ করতে পারবেন শুধু এক্সিকিউটিভ বোর্ড-এর অনুমতি সাপেক্ষে।

কার্যবিবরণী – সকল সাধারণ সদস্য সভার কার্যবিবরণী অবশ্যই রেকর্ড করতে হবে। পরবর্তী সূচিভুক্ত সভায় সাধারণ সদস্যদের পর্যালোচনা ও অনুমোদনের জন্য একটি খসড়া কার্যবিবরণী অবশ্যই বিলি করতে হবে। পিএ/পিটিএ উপবিধিতে রেকর্ড করার অনুমোদনযোগ্য প্রক্রিয়া ও যন্ত্র সম্পর্কে বাড়তি নির্দেশনা অন্তর্ভুক্ত করতে পারে।

b) এক্সিকিউটিভ বোর্ড মিটিং – এক্সিকিউটিভ বোর্ডের সভা অবশ্যই সকল পিএ/পিটিএ সদস্যের জন্য উন্মুক্ত থাকবে। সকল সদস্যদেরকে সভার কমপক্ষে ১০ ক্যালেন্ডার দিন পূর্বে সভার বিজ্ঞপ্তি দিতে হবে। পিএ/পিটিএ-এর সদস্য নন যেসব ব্যক্তি, তারা এক্সিকিউটিভ বোর্ডের অনুমোদন নিয়েই শুধু এক্সিকিউটিভ বোর্ডের সভায় অংশগ্রহণ করতে পারবেন। এক্সিকিউটিভ বোর্ডের সভার তারিখ ও সময় এবং এক্সিকিউটিভ বোর্ডের সভার জন্য কতো জনে কোরাম হবে, সেটা অবশ্যই পিএ/পিটিএ-এর উপবিধিতে উল্লিখিত থাকবে।

c) বিশেষ সদস্য সভা – বিশেষ সদস্য সভা আহ্বান করতে কী প্রক্রিয়া অনুসরণ করতে হবে, পিএ/পিটিএ উপবিধিতে তার উল্লেখ থাকতে পারে। কোন গুরুত্বপূর্ণ বিষয় যখন পরবর্তী সাধারণ সভার জন্য মুলতবী রাখা যাবে না, একমাত্র তেমন পরিস্থিতিতেই শুধু বিশেষ সদস্য সভা আহ্বান করা যাবে।

5. স্কুলের সুযোগ-সুবিধা ব্যবহার

a) ভবন ব্যবহার - পিএ/পিটিএ স্কুল চালু থাকা সময় ছাড়া বছরে ১১০ ঘন্টা পর্যন্ত নিখরচায় স্কুল সেফটি বা নিরাপত্তা ব্যবস্থাসহ স্কুলভবন ব্যবহার করতে পারবে। এই সময়টুকু বছরের ১২ মাসের বেলাতেই প্রযোজ্য হবে এবং এর বাইরে তা পাওয়া যাবে না। অব্যবহৃত সময় এক মাস থেকে আরেক মাসে নেওয়া যাবে, তবে স্কুল বছরের শেষে তা মেয়াদোত্তীর্ণ হয়ে যাবে। যদি কোন ভবনে একাধিক পিএ/পিটিএ থাকে, তাহলে প্রতিটি পিএ/পিটিএ-এর পূর্ণ ১১০ ঘন্টা করে সময় পাবে। স্কুলের সময়ের বাইরে পিএ/পিটিএ স্কুল ভবন ব্যবহারের অনুমতি গ্রহণের জন্য দায়বদ্ধ থাকবে। এসব অনুমতিতে সভার সময় ও স্থান নির্দিষ্টভাবে উল্লিখিত হয়। পিএ/পিটিএ কাস্টোডিয়অনের কাছে প্রয়োজনীয় অনুমোদন নেওয়ার জন্য অনুরোধ জানাবে।

b) পিএ/পিটিএ-এর তথ্য সরুক্ষিত রাখা - পিএ/পিটিএ-এর নথি তালাবদ্ধভাবে সংরক্ষণের জন্য পিএ/পিটিএ-কে অবশ্যই একটি সুরক্ষিত স্থান দিতে হবে। সম্ভাব্য ক্ষেত্রে, প্রিন্সিপ্যালকে পিএ/পিটিএ-এর ব্যবহারের জন্য আলাদা একটি কক্ষ নির্দিষ্ট করে দেবেন।

c) ইন্টারনেটের ব্যবস্থা - যদি ব্যবস্থা থাকে, তাহলে পিএ/পিটিএ-এর এক্সিকিউটিভ বোর্ডের জন্য স্কুলকে অবশ্যই ইন্টারনেট সংযোগ দিতে হবে।

d) পিএ/পিটিএ-এর পোস্টাল মেইল - স্কুলের ঠিকানায় পিএ/পিটিএ-এর চিঠিপত্র পাওয়ার অধিকার আছে। স্কুলের অফিসকর্মীদেরকে পিএ/পিটিএ-এর চিঠিপত্র রাখার জন্য একটি জায়গা নির্দিষ্ঠ করে দিতে হবে।

e) স্পন্সরশিপ- পিএ/পিটিএ তাদের উপবিধি এবং চ্যঅন্সেলরের প্রবিধান D-180 অনুযায়ী স্কুল ভবন ব্যবহারের জন্য বরাদ্দকৃত ১১০ ঘন্টা সময় অন্য কোন সংগঠনকে, যেমন কোন কম্যুনিটি সংগঠনকে, ব্যবহার করতে দিতে পারে। তবে সে সংগঠনের উপস্থিতি অবশ্যই পিএ/পিটিএ-এর উদ্দেশ্যের সাথে সম্পর্কিত হতে হবে এবং তা আলাদাভাবে সেই সংগঠনটির জন্য ব্যবহৃত হবে না।

f) প্রবেশমূল্য – শিক্ষাগত কর্মসূচির বালু থাকা সময়ের বাইরে স্কুল ভবনে স্পন্সরকৃত কর্মসূচি বা কর্মকাণ্ডের জন্য পিএ/পিটিএ তাদের উপবিধি এবং এবং চ্যান্সেলরের প্রবিধান D-180 অনুযায়ী প্রবেশমূল্য বা চাঁদা আদায় করতে পারবে।

g) প্রার্থী ফোরাম – কোন রাজনৈতিক বা কম্যুনিটিভিত্তিক সংগঠনের জন্য প্রার্থী ফোরাম আয়োজন করা পিএ/পিটিএ-এর জন্য নিষিদ্ধ। (চ্যান্সেলরের প্রবিধান D-130 দ্রষ্টব্য) পিএ/পিটিএ শুধু তাদের কর্মকর্তাদের নির্বাচনের জন্য প্রার্থী ফোরাম আয়োজন করতে পারবে।

6. পিএ/পিটিএ রেকর্ড সংরক্ষণ ও হস্তান্তর করা

সকল পিএ/পিটিএ-এর রেকর্ড অবশ্যই ৬ বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে। বিদায়ী এক্সিকিউটিভ বোর্ড সদস্যগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাদের কার্যকালে তারা পিতামাতাদের সাথে যোগাযোগের যে তথ্য সংগ্রহ করেছেন, সেসব তথ্যসহ সকল তথ্য নব-নির্বাচিত এক্সিকিউটিভ বোর্ড সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। বিদায়ী এক্সিকিউটিভ বোর্ড সদস্যগণ পিতামাতাদের সাথে যোগাযোগের যে তথ্যসহ পিএ/পিটিএ-এর কোন রেকর্ড রেখে দিতে পারবেন না। এই হস্তান্তর অবশ্যই নির্বাচনের পর পর যে দিন সম্ভব, সেই দিনই স্কুল এলাকায় প্রিন্সিপ্যালের উপস্থিতিতে হতে হবে।

রেকর্ডিং সেক্রেটারি - পিএ/পিটিএ-এর রেকর্ডিং সেক্রেটারির মেয়াদ শেষ হওয়ার আগে তিনি অবশ্যই পিএ/পিটিএ-এর উপবিধি, সভার বিজ্ঞপ্তি, এবং সাধারণ সদস্যমণ্ডলী ও এক্সিকিউটিভ বোর্ডের সভার আলোচ্যসূচি এবং কার্যবিবরণী হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ট্রেজারার – পিএ/পিটিএ-এর ট্রেজারার-এর মেয়াদ শেষ হওয়ার আগে তিনি অবশ্যই সকল আর্থিক লেনে-দেনের তথ্য, সাথে সাথে পিএ/পিটিএ-এর ব্যবহৃত রেকর্ড রাখার প্রক্রিয়া সংক্রান্ত সকল তথ্য হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

7. কম্যুনিটি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল-এর নির্বাচকমণ্ডলী

কম্যুনিটি এডুকেশন্যাল কাউন্সিলসমূহ ("সিইসি") – প্রতিটি সিইসি-এর পিতামাতা সদস্য নির্বাচকগণ হবেন কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রতিটি স্কুলের পিএ/পিটিএ-এর তিনজন আবশ্যিক সদস্য। পিএ/পিটিএর প্রেসিডেন্ট এং অন্যান্য কর্মকর্তাদের মধ্য থেকে েযারা প্রার্থী হবেন, তারা নির্বাচন প্রক্রিয়ায় ভোট দেওয়ার জন্য যোগ্য হবেন না। এ ধরনের ক্ষেত্রে নির্বাচনের জন্য প্রেসিডেন্ট-এর স্থলে পিএ/পিটিএ ভোট দেওয়ার জন্য একজন সদস্যকে বাছাই করে দেবে। (চ্যান্সেলরের প্রবিধান D-140 দ্রষ্টব্য)

সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস ("সিসিএইচএস") – প্রতিটি সিসিএইচএস-এর পিতামাতা সদস্য নির্বাচকগণ হবেন বরো-এর প্রতিটি হাই স্কুলের পিএ/পিটিএ-এর তিনজন আবশ্যিক সদস্য। পিএ/পিটিএর প্রেসিডেন্ট এং অন্যান্য কর্মকর্তাদের মধ্য থেকে যারা প্রার্থী হবেন, তারা নির্বাচন প্রক্রিয়ায় ভোট দেওয়ার জন্য যোগ্য হবেন না। এ ধরনের ক্ষেত্রে নির্বাচনের জন্য প্রেসিডেন্ট-এর স্থলে পিএ/পিটিএ ভোট দেওয়ার জন্য একজন সদস্যকে বাছাই করে দেবে। (চ্যান্সেলরের প্রবিধান D-160 দ্রষ্টব্য)

ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিল ("ডি৭৫ কাউন্সিল") – ডি৭৫ কাউন্সিলের পিতামাতা সদস্য নির্বাচকগণ হবেন প্রতিটি ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলের পিএ/পিটিএ-এর তিনজন আবশ্যিক কর্মকর্তা। পিএ/পিটিএ-এর প্রেসিডেন্ট ও কর্মকর্তাগণ যারা নির্বাচন প্রক্রিয়ায় প্রার্থী হবেন, তারা নির্বাচন প্রক্রিয়ায় ভোট দেওয়ার যোগ্য হবেন না। এই নির্বাচন প্রক্রিয়ায় পিএ/পিটিএ-কে অবশ্যই প্রেসিডেন্ট বা কর্মকর্তার ক্ষেত্রে এ ধরনের ভোট দেওয়ার জন্য একজন সদস্য মনোনীত করে দিতে হবে। (চ্যান্সেলরের প্রবিধান D-150 দ্রষ্টব্য)

8. এসএলটি-এর সাথে কাজ করা

পিএ/পিটিএ-কে অবশ্যই এসএলটি-এর সাথে কাজ করার জন্য পিতামাতা প্রতিনিধিদের নির্বাচন করতে হবে। পিএ/পিটিএ-এর প্রেরিত প্রতিনিধিদের টিম-এর কাজে পূর্ণ অংশগ্রহণের অধিকার আছে। (চ্যান্সেলরের প্রবিধান D-655 দ্রষ্টব্য)

9. তহবিল সংগ্রহ

পিএ/পিটিএ তহবিল সংগ্রহের জন্য অনুমোদিত। তহবিল সংগ্রহ এবং অন্যান্য আর্থি কর্মকাণ্ড সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য সেকশন III.C দেখুন।

II. প্রেসিডেন্টস কাউন্সিল

প্রেসিডেন্টস কাউন্সিলগুলো নেতৃত্বশীল পিতামাতাদের স্বাধীন সংগঠন য পিতামাতাদের ক্ষমতায়িত করে এবং তা ডিস্ট্রিক্ট, বরো ও সিটি পর্যায়ে পিএ/পিটিএগুলোকে সহায়তা প্রদান করে। পিএ/পিটিএগুলোকে অবশ্যই সকল আইন, নীতি, বিধি এবং প্রবিধান এমনভাবে মেনে চলতে হবে যাতে তা শিক্ষার্থী, পিতামাতা ও কর্মীদের মর্যাদা রক্ষা প্রদান করে।

A. প্রেসিডেন্টস কাউন্সিল গঠন ও পুনর্গঠন

সংশ্লিষ্ট কম্যুনিটি বা হাই স্কুল সুপারিনটেনডেন্ট, কিংবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি এলিমেন্টারি বা মিডল স্কুলের জন্য সকল কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ, হাই স্কুলের জন্য সকল বরোতে, এবং ডিস্ট্রিক্ট ৭৫-এর জন্য সিটিব্যাপী প্রেসিডেন্টস কাউন্সিল প্রতিষ্ঠা ও অব্যাহত সক্রিয়তা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ থাকবেন। কোন প্রেসিডেন্টস কাউন্সিল নিষ্ক্রিয় হয়ে গেলে তাকে পুনঃপ্রতিষ্ঠা করতে হবে। কোন প্রেসিডেন্টস কাউন্সিল যদি তা ৩০ সেপ্টেম্বরের মধ্যে নির্বাচন করতে বা পর পর ২ মাস কাজ করতে ব্যর্থ হয়, তাহলে প্রেসিডেন্টস কাউন্সিল নিষ্ক্রিয় হবে। প্রেসিডেন্টস কাউন্সিল পুনর্গঠন করার প্রয়োজনের কথা সুপারিনটেনডেন্ট বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি সংশ্লিষ্ট প্রেসিডেন্টস কাউন্সিল গঠনকারী পিএ/পিটিএ-এর প্রেসিডেন্টদেরকে অবশ্যই অবহিত করবেন। সভার ১০ দিন আগে বিজ্ঞপ্তি পাঠাতে হবে এবং সে সভা অবশ্যই প্রেসিডেন্টস কাউন্সিল নিষ্ক্রিয় হওয়ার ১৪ ক্যালেন্ডার দিনের মধ্যেই করতে হবে।

B. প্রেসিডেন্টস কাউন্সিল সদস্য হওয়ার যোগ্যতা

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রতিনিধিত্বকারী প্রেসিডেন্টস কাউন্সিলগুলোকে অবশ্যই সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর প্রতিটি পিএ/পিটিএ-এর একজন করে প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে। বরো হাই স্কুলের প্রতিনিধিত্বকারী প্রেসিডেন্ট কাউন্সিলকে অবশ্যই বরোর প্রতিটি হাই স্কুল থেকে একজন করে প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে। সিটিওয়াইড স্পেশাল এডুকেশনের প্রতিনিধিত্বকারী প্রেসিডেন্টস কাউন্সিলকে অবশ্যই প্রতিটি ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল থেকে একজন করে প্রতিনিধ অন্তর্ভুক্ত করতে হবে। যেসব স্কুলে মিডল ও হাই স্কুল গ্রেড অন্তর্ভুক্ত আছে (যেমন ৬-১২ গ্রেড), সেসব স্কুল তাদের ডিস্ট্রিক্ট এবং বরো প্রেসিডেন্টস কাউন্সিল, উভয়টিতে প্রতিনিধি পাঠানোর জন্য অনুমোদিত।[4] প্রেসিডেন্ট কাউন্সিলগুলোকে নব-প্রতিষ্ঠিত পিএ/পিটিএ-এর কাউন্সিল সদস্যপদ সম্পর্কে জানাতে হবে এবং পরবর্তী প্রেসিডেন্ট কাউন্সিল সভার বিজ্ঞপ্তি পাঠাতে হবে।

1. প্রেসিডেন্ট কাউন্সিল সদস্য হওয়ার যোগ্যতাসম্পন্ন পিএ/পিটি-এর প্রতিনিধি

a) স্থায়ী দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি - পিএ/পিটিএ-এর প্রেসিডেন্ট, কো-প্রেসিডেন্ট বা প্রেসিডেন্ট নিযুক্ত পিতামাতা-সদস্য প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য হওয়ার যোগ্য। যদি পিএ/পিটিএ প্রেসিডেন্ট প্রেসিডেন্টস কাউন্সিলের সভায় উপস্থিত হতে অপারগ হন, তাহলে প্রেসিডেন্টকে অবশ্যই তার বেছে নেওয়া ব্যক্তির কাছে ভোটাধিকার অর্পণ করতে হবে। স্থলাভিষিক্ত হিসেবে কারো নিযুক্তিকে পিএ/পিটিএ-এর সভায় ভোটের মাধ্যমে অনুমোদিত হতে হবে। ভোটের ফল অবশ্যই সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে।

[4] সন্তানের গ্রেড-এর উপর ভিত্তি করে পিএ/পিটিএ প্রেসিডেন্ট, বরো বা ডিস্ট্রিক্ট প্রেসিডেন্ট কাউন্সিলে প্রতিনিধিত্ব করার জন্য অনুমোদিত। মিডল ও হাই স্কুলের গ্রেড আছে, এমন স্কুলের পিএ/পিটিএ-কে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্ট কাউন্সিলে তাদের প্রতিনিধিত্বকারী ব্যক্তি কোন মিডল স্কুলের শিক্ষার্থীর পিতামাতা এবং বরো প্রেসিডেন্টস কাউন্সিলে তাদের প্রতিনিধিত্বকারী ব্যক্তি কোন হাই স্কুলের শিক্ষার্থীর পিতামাতা।

b) কো-প্রেসিডেন্ট - শুধু একজন কো-প্রেসিডেন্ট প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য হিসেবে কাজ করতে পারবেন। কে প্রেসিডেন্ট কাউন্সিল সদস্য হিসেবে কাজ করবেন তা অবশ্যই ঠিক করবেন কো-প্রেসিডেন্টগণ এবং সেটা পিএ/পিটিএ সদস্যদেরকে অবহিত করতে হবে।

c) বিকল্প প্রতিনিধি - পিএ/পিটিএ দাপ্তরিক নিযুক্ত স্কুল প্রতিনিধির অনুপস্থিতিকালে কাজ করার জন্য একজন বিকল্প প্রতিনিধির অনুমোদন দিতে পারে। বিকল্প ভূমিকা ও কাজ প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধি নির্দিষ্ট করে দেবে।

2. প্রেসিডেন্টস কাউন্সিল সদস্য হওয়ায় বিধিনিষেধ

ডিওই-এর কর্মচারীগণ যে ডিস্ট্রিক্ট-এ কর্মরত, সে ডিস্ট্রিক্ট-এর প্রেসিডেন্ট কাউন্সিলে কাজ করতে পারবেন না। ডিওই-এর কর্মচারীগণ যে বরোতে কর্মরত, সে বরোতে অবস্থিত হাই স্কুল প্রেসিডেন্সট কাউন্সিলে কাজ করতে পারবেন না।

C. প্রেসিডেন্টস কাউন্সিল সদস্যদের অংশগ্রহণ

1. চাঁদা

যদিও প্রেসিডেন্সট কাউন্সিল চাইলে সদস্যদের কাছ থেকে চাঁদা সংগ্রহ করতে পারে, তা সত্ত্বেও অংশগ্রহণের বা সদস্য হওয়ার জন্য কোন চাঁদা দেওয়ার শর্ত দেওয়া যাবে না।

2. স্বার্থের দ্বন্দ্ব

সেকশন I.E.4-এ পিএ/পিটিএ এবং পিএ/পিটিএ-এর কর্মকর্তাদের জন্য স্বার্থের দ্বন্দ্ব-সংক্রান্ত যেসব নিয়ম প্রতিষ্ঠিত হয়েছে, সেগুলো প্রেসিডেন্ট কাউন্সিল ও প্রেসিডেন্টস কাউন্সিলের কর্মকর্তাদের প্রতি সমানভাবে প্রযোজ্য।

D. প্রেসিডেন্টস কাউন্সিলের কর্মকর্তাদের মনোনয়ন ও নির্বাচন

প্রেসিডেন্ট কাউন্সিলকে অবশ্যই একটি সভায় কর্মকর্তাদের মনোনয়ন ও নির্বাচন সম্পন্ন করতে হবে। কর্মকর্তাবগণ ১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত এক বছরের চন্য নির্বাচিত হন। প্রেসিডেন্ট কাউন্সিল তাদের নির্বাচনের ব্যবস্থাপনায় সহায়তার জন্য সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট বা তার স্থলাভিষিক্ত ব্যক্তির কাছে অনুরোধ জানাতে পারবে। পিএ/পিটিএ-এর সদস্যগণ যাতে তাদের কর্মকর্তা এবং তাদের প্রেসিডেন্ট কাউন্সিলের প্রতিনিধি নির্বাচনের জন্য পর্যাপ্ত সুযোগ পান, সেজন্য নির্বাচনের সুবিধাজনক সময় নির্ধারণ করতে প্রেসিডেন্ট কাউন্সিলের কর্মকর্তাগণকে সাধারণ সদস্যদের সাথে মতবিনমিয় করতে হবে। প্রেসিডেন্ট কাউন্সিলের নির্বাচন করতে হবে ৩০ জুনের মধ্যে , তবে কোনভাবেই ৩০ সেপ্টেম্বরের পরে করা যাবে না। যদি নির্বাচন ৩০ সেপ্টেম্বরের মধ্যে করা না হয়, প্রেসিডেন্ট কাউন্সিল নিষ্ক্রিয় হয়ে যাবে এবং তা পূনঃপ্রতিষ্ঠা করতে সেকশন II.A-এ উল্লিখিত প্রক্রিয়অ প্রয়োগ করা হবে।

1. নমিনেশন ও নির্বাচনী সভা পরিচালনা

a) লিখিত নির্বাচনী বিজ্ঞপ্তি – সকল সদস্যগণ যাতে নির্বাচনী সভার লিখিত বিজ্ঞপ্তি লাভ করেন, সেটা নিশ্চিত করার দায়িত্ব প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ডের। নির্বাচনী সভার অন্ততঃ ১০ ক্যালেন্ডার দিন আগে অবশ্যই প্রচার করতে হবে। নির্বাচনী সভার বিজ্ঞপ্তিতে অবশ্যই নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে:

- এক্সিকিউটিভ বোর্ডের সকল শূন্য পদের তালিকা (প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধি অনুযায়ী শরত ঋতুতে নির্বাচিত করার জন্য কিছু পদ সংরক্ষিত রাখতে পারে যা আবশ্যিক নয়)।
- কার্যকাল বা মেয়াদ, যদি উপবিধিতে উল্লিখিত থাকে।
- সকল নমিনেশন সভায় উপস্থিত সদস্যদের মধ্য থেকে গ্রহণ করা হবে, সে বিষয়ের উল্লেখ।

b) প্রেসিডেন্ট কাউন্সিলের নির্বাচন সম্পর্কে প্রেসিডেন্ট কাউন্সিলকে অবগত করা – প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই নির্বাচনের তারিখ ও সময় সুপারিনটেনডেন্টকে ১ জুনের মধ্যে জানাতে হবে। যদি ১ জুনের মধ্যে প্রেসিডেন্ট কাউন্সিলের নির্বাচন না হয়, সুপারিনটেনডেন্ট একটি নির্বাচনী সভার তারিখ ও সময় ঠিক করার জন্য অনুরোধ জানাবেন। সুপারিনটেনডেন্ট বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি প্রয়োজনীয় সহায়তা দেবেন যাবে নিশ্চিত করা যায় যে নির্বাচন ৩০ সেপ্টেম্বরের মধ্যে সমাপ্ত হয়েছে।

c) সভা থেকে নমিনেশন গ্রহণ – সকল পদের জন্য সভা থেকে নমিনেশন গ্রহণ করা হবে। সকল প্রার্থীকে সাধারণ সদস্যদের উদ্দেশ্যে বক্তৃতা দেওয়ার সুযোগ দিতে হবে।

d) প্রার্থীদের যোগ্যতা যাচাই করা – প্রেসিডেন্ট কাউন্সিল গঠনকারী পিএ/পিটিএ-এর প্রেসিডেন্ট বা কো-প্রেসিডেন্টদের যারা নির্বাচিত হয়েছেন, এবং প্রেসিডেন্টের স্থলাভিষিক্ত হিসেবে যিনি মনোনীত হয়েছেন, তারা পরবর্তী বছরের জন্য বিভিন্ন পদে কাজ করার জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

e) ভোটারদের যোগ্যতা নির্ধারণ – নির্বাচনকালে যারা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য থাকবেন, তাদের সবাই ভোটদানের যোগ্য। পরবর্তী স্কুল বছরে যাদের সদস্যপদ চালু হবে, তারা ভোট দিতে পারবেন না।

f) ভোট দেওয়া - কোন পদের জন্য যখন একাধিক প্রার্থী থাকবেন, তখন অবশ্যই সেকশন I.F.1.e অনুযায়ী লিখিত ব্যালট ব্যবহার করতে হবে। যখন কোনপেদের জন্য একজন মাত্র প্রার্থী থাকবেন, তখন প্রেসিডেন্ট কাউন্সিল সেকশন I.F.1.f-এ উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করতে পারে।

2. প্রেসিডেন্ট কাউন্সিলের নির্বাচনকে প্রত্যয়ন (সার্টিফাই) করা

সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট বা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে অবশ্যেই প্রত্যয়ন করতে হবে যে নমিনেশন এবং নির্বাচন প্রক্রিয়া এই প্রবিধান ও উপবিধি অনুসরণ করে করা হয়েছে। প্রেসিডেন্ট কাউন্সিল ইলেকশন সার্টিফিকেশন ফরম পাওয়া যাবে http://schools.nyc/gov/parentleadershipওয়েবসাইটে।

প্রেসিডেন্টস কাউন্সিল ইলেকশন সার্টিফিকেশন ফরম অবশ্যই নির্বাচিত কর্মকর্তাদের পূরণ করতে হবে এবং সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট বা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে সই করতে হবে। সুপারিনটেনডেন্টকে একটি কপি ফেইস বরাবর পাঠাতে হবে। প্রত্যয়নের সময় এক্সিকি উটিভ বোর্ডের সদস্যগণ তাদের ফোন নম্বর এবং/অথবা ইমেইল ঠিকানা সংশ্লিষ্ট এডুকেশন কাউন্সিল বরাবর পাঠানোর বা না পাঠানর সিদ্ধান্ত ফেইস-কে জানাতে পারে।

3. শূন্য পদ পূরণ

প্রেসিডেন্টস্ কাউন্সিলের উপবিধিগুলোতে অবশ্যই শূন্য পদ পূরণে পদক্ষেপ গ্রহণের সুযোগ থাকতে হবে।

4. কর্মকর্তাদের সাথে যোগযোগের তথ্য

প্রেসিডেন্ট কাউন্সিল নির্বাচিত প্রেসিডেন্ট কাউন্সিল কর্মকর্তাদের তালিকা অবশ্যই কাউন্সিল সদস্যদের কাছে লভ্য করবেন। এই তালিকায় কর্মকর্তাদের(অফিসার)ব্যক্তিগত ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা অন্তর্ভুক্ত থাকতে পারে যদি সদস্যগণ তাদের এই ধরনের তথ্য প্রকাশে সম্মতি দেন, কিন্তু তাদের বাড়ির ঠিকানা অন্তর্ভুক্ত নাও হতে পারে। প্রেসিডেন্ট কাউন্সিলের (যেমন, ডিওই ইস্যুকৃত ইমেইল ঠিকানা) সাথে যোগাযোগের উপায়ও অবশ্যই থাকতে হবে। তালিকাটি অবশ্যই নিয়মিত হালনাগাদ করতে হবে, এবং তা সুপারিনটেনডেন্টের অফিসে এবং প্রতিটি প্রেসিডেন্ট কাউন্সিলের সভায় লভ্য হবে।

E. প্রেসিডেন্ট কাউন্সিলসমূহের অধিকার এবং দায়িত্ব

ডিস্ট্রিক্ট এবং বরো স্তরে পিতামাতা সংশ্লিষ্টতার মূল সূত্র হিশেবে, প্রেসিডেন্ট কাউন্সিল সদস্যগণের প্রতি অবশ্যই প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড এবং স্কুল কর্মকর্তাগণ শাস্তি অথবা প্রতিহিংসাপরায়নতার ভয় ব্যতীত পক্ষপাতহীন আচরণ করবে। প্রেসিডেন্ট কাউন্সিলগুলো অবশ্যই সিইসি, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল, ডি৭৫ কাউন্সিল, কম্যুনিটি এবং হাই স্কুল সুপারিনটেনডেন্ট এবং অন্য হাই স্কুল কর্মকর্তাদের হস্তক্ষেপ অথবা তত্ত্বধান ছাড়া স্বাধীনভাবে পরিচালিত হবে।

1. প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধি প্রতিষ্ঠা

সদস্যদের ভোটের মাধ্যমে প্রেসিডেন্ট কাউন্সিলগুলো অবশ্যই কিছু উপবিধি গ্রহণ করবে[1] প্রয়োজন অনুসারে উপবিধি সংশোধন করা হয়। সকল উপবিধি এই প্রবিধানের শর্ত অবশ্যই মেনে চলবে। প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধির টেমপ্লেট http://schools.nyc/gov/parentleadership ওয়েবসাইটে পাওয়া যাবে।

এই প্রবিধানের সাথে সংঘাতপূর্ণ কোন বিধান প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে থাকলে, এই প্রবিধানের বিধানগুলো প্রাধান্য পাবে। প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধির বাকি সকল বিধানগুলো যা এই প্রবিধানের সাথে সংঘাতপূর্ণ নয় সেগুলি সম্পূর্ণ বহাল এবং কার্যকরী থাকবে। যেকোন প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য এই প্রবিধানের সাথে সঙ্গতিপূর্ণ নয় উপবিধির এমন কোন বিধান সংশোধনের জন্য সাধারণ সদস্যদের সভায় প্রস্তাব আনতে পারেন। যেসকল সংশোধনী উপবিধির সাথে সঙ্গতি আনে সেগুলি প্রস্তাব উপস্থাপনের পর অবশ্যই ভোটে দিতে হবে এবং উপস্থিত সদস্যদের দুই-তৃতীয়াংশ সদস্য কর্তৃক অনুমোদিত হতে হবে।

প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই প্রত্যেক তিন বছর পর পর তাদের উপবিধি এবং এই প্রবিধান সংশোধিত হবার পর তা পর্যালোচনা করবে। রবার্টেসর রুলস্ অব অর্ডার – নতুন সংস্করণ, উপবিধির ব্যাখ্যাদানে সহায়ক রেফারেন্স হতে পারে।

প্রেসিডেন্টস্ কাউন্সিলগুলো সুপারিনটেনডেন্টের কাছে অবশ্যই তাদের উপবিধি এবং সম্পর্কিত সংশোধনীর কপি দেবে। প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই তাদের উপবিধি এবং সম্পর্কিত সংশোধনের কপি প্রত্যেক সভা এবং কাউন্সিল সদস্যদের কাছে সঙ্গত আবেদনের প্রেক্ষিতে পেশ করবে।

যেখানে সম্ভব, উপবিধিগুলো ইংরেজি ভাষা ভিন্ন অন্য ভাষার পিতামাতাদের জন্য লভ্য হবে। চ্যান্সেলরের প্রবিধান A-663 –এ উল্লিখিত ভাষাগুলোতে উপবিধির টেমপ্লেট http://schools.nyc/gov/parentleadership ওয়েবসাইটে পাওয়া যাবে। যদি এমন কোন ভাষায় উপবিধির টেমপ্লেটের প্রয়োজন পড়ে যা এখনও সেই ভাষায় পাওয়া যাচ্ছে না, সুপারিনটেনডেন্ট ট্র্যানস্লেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিটের সাথে যোগাযোগ করতে পারেন।

2. তথ্য সুবিধা লাভ এবং স্কুল কর্মকর্তাদের সাথে পরামর্শ

প্রেসিডেন্ট কাউন্সিলের লক্ষ্য অর্জনে স্কুল কর্মকর্তা এবং প্রেসিডেন্ট কাউন্সিলের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা জরুরি। ডিস্ট্রিক্ট অথবা বরোর উপর প্রভাব ফেলে যেসব বিষয় সেগুলি সম্পর্কিত তথ্য প্রেসিডেন্ট কাউন্সিলকে অবশ্যই এমনভাবে পেতে হবে যাতে আলোচনার সুবিধা থাকে, শুধুমাত্র জরুরি পরিস্থিতি ছাড়া যখন দ্রুত পদক্ষেপ গ্রহণ আবশ্যিক হয়ে পড়ে।

a) তথ্য – প্রেসিডেন্ট কাউন্সিলগুলোর সুপারিনটেনডেন্টের কাছ থেকে শিক্ষার্থীর সাফল্য সম্পর্কিত পূর্ণ এবং বাস্তবভিত্তিক তথ্যের জন্য অনুরোধ জানানো এবং তা পাবার অধিকার আছে।

ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমের (ডিএলটি) বাধ্যতামূলক সদস্য হিশেবে, প্রেসিডেন্ট কাউন্সিলের প্রেসিডেন্টের ডিস্ট্রিক্টের সামগ্রিক শিক্ষা-সংক্রান্ত পরিকল্পনা (ডিসিইপি) এবং ডিস্ট্রিক্ট অথবা বরোর বাজেট বিষয়ক তথ্য পাবার অধিকার আছে। প্রেসিডেন্ট কাউন্সিলের প্রেসিডেন্ট এই সকল কাগজপত্র এবং এছাড়া ডিএলটি সভায় আলোচিত প্রাসঙ্গিক অন্য সকল তথ্য প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যদের কাছে বিতরণের জন্য দায়ী।

অনুরোধ সাপেক্ষে, সুপারিনটেনডেন্ট প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ডকে শিক্ষার্থীদের পরীক্ষার সময়সূচি সম্পর্কিত পূর্ণ এবং বাস্তবভিত্তিক তথ্য এবং শিক্ষার্থীর সাফল্যের উপাত্ত ছাড়াও চ্যান্সেলরের প্রবিধানের কপি প্রদান করবেন।

b) পরামর্শ

সুপারিনটেনডেন্ট এবং সিইসি-র সাথে প্রেসিডেন্ট কাউন্সিলের পরামর্শ – সুপারিনটেনডেন্ট এবং সিইসি সাথে প্রেসিডেন্ট কাউন্সিলের পরামর্শ সম্ভব হয় সেকশন I.G.2.b –তে বর্ণিত পিএ/পিটিএ কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভার মাধ্যমে।

3. প্রেসিডেন্ট কাউন্সিলের সভা আয়োজন

a) সাধারণ সদস্যদের সভা – প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই প্রতি স্কুল বছরে ন্যূনতম ৯টি মাসিক সাধারণ সভার আয়োজন করবে।

সভার সময় - প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে অবশ্যই উল্লিখিত থাকবে মাসিক সভা কোন্ দিন এবং কোন্ সময়ে অনুষ্ঠিত হবে (যেমন মাসের শেষ মঙ্গলবার সন্ধ্যা ৭টা)।

নোটিশ- সভা সম্পর্কিত নোটিশ অবশ্যই সভা অনুষ্ঠিত হবার ১০ ক্যালেন্ডার দিবস আগে পাঠাতে হবে। প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড সভা সম্পর্কিত নোটিশ সকল সদস্যের কাছে যাতে পৌঁছে (যেমন ব্যাকপ্যাক, ডাকযোগে চিঠি, অটোমেটেড ফোন কল, ইমেইলের মাধ্যমে) সেইভাবে পাঠানো হয়েছে কিনা সেবিষয়টি নিশ্চিত করার জন্য দায়ী।

সভার স্থান – প্রেসিডেন্ট কাউন্সিলের সকল সভা অবশ্যই ডিওই-র প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে (যেমন কোন স্কুলে, ডিস্ট্রিক্ট অথবা বরো অফিসে অথবা অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসে)।

সভা পরিচালনা – এই প্রবিধানে অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে অন্যভাবে নির্দেশিত না থাকলে, সভা *রবার্টসের রুল অব অর্ডার – নতুন সংস্করণ* অনুযায়ী পরিচালিত হবে।

কোরাম —প্রসিডেন্ট কাউন্সিলের সাধারণ সদস্য সভার কোরামের বিষয়টি উপবিধিতে অবশ্যই উল্লিখিত থাকবে। কোরাম না থাকলে, প্রেসিডেন্ট কাউন্সিল অর্থ-ব্যয় অথবা কোন বিষয়ে ভোট গ্রহণ অনুমোদন করতে পারবে না শুধুমাত্র সাধারণ আলোচনা ছাড়া। সাধারণ সদস্য সভার কোরাম পূরণের লক্ষ্যে প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য উপস্থিতি বৃদ্ধির প্রচেষ্টায় প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ডের ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের কাছে সহায়তা চাওয়া আবশ্যিক হতে পারে।

উপস্থিতি এবং অংশগ্রহণ - প্রেসিডেন্ট কাউন্সিলের সভাগুলো অবশ্যই বিশেষ ধরনের হবে না এবং তা জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যগণ সকল সাধারণ সদস্য সভায় যোগ দিতে এবং অংশগ্রহণ করতে পারবে। এছাড়া, যেসকল ব্যক্তি প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য নয় তারাও পর্যবেক্ষক হিশেবে সাধারণ সদস্য সভায় যোগ দিতে পারবে, কিন্তু শুধুমাত্র এক্সিকিউটিভ বোর্ডের অনুমোদনসহ আলোচনায় অংশগ্রহণ করতে পারবে।

কার্যবিবরণী –সকল সাধারণ সদস্য সভার কার্যবিবরণী অবশ্যই রেকর্ড করা হবে। সাধরণ সদস্যগণ কর্তৃক পর্যালোচনা এবং অনুমোদনের জন্য পরবর্তীতে যে সভাটি অনুষ্ঠিত হবে সেই সভায় কার্যবিবরণীর একটি খসড়া অবশ্যই বিতরণ করা হবে। প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে অনুমোদিত রেকর্ডিং প্রক্রিয়া এবং যন্ত্রপাতির বিষয়ে আরও নির্দেশনা প্রদান করা হতে পারে।

b) <u>এক্সিকিউটিভ বোর্ডের সভা:</u> — এক্সিকিউটিভ বোর্ডের সভাগুলো অবশ্যই সকল প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যদের জন্য উন্মুক্ত থাকবে। সদস্যদের অবশ্যই সভার তারিখের ন্যূনতম ১০ ক্যালেন্ডার দিবস আগে নোটিশ দিয়ে জানিয়ে দিতে হবে। যেসকল ব্যক্তি প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য নয় তারা শুধু এক্সিকিউটিভ বোর্ডের অনুমোদন নিয়ে এক্সিকিউটিভ বোর্ডের সভায় যোগ দিতে পারবেন। প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে অবশ্যেই এক্সিকিউটিভ বোর্ডের সভার দিন ও তারিখ এবং বোর্ড মিটিং-এ কর্ম পরিচালনার জন্য যে কোরাম প্রয়োজন তার উল্লেখ থাকবে।

c) <u>বিশেষ সদস্য ষভা</u> — উপবিধিতে বিশেষ সদস্য সভা আহ্বানের প্রক্রিয়ার উল্লেখ থাকতে পারে। বিশেষ সদস্য সভাগুলো অবশ্যই শুধুমাত্র গুরুত্বপূর্ণ বিষয়ে, যা পরবর্তী সাধারণ সভা পর্যন্ত স্থগিত রাখা যাবে না, পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত হবে।

4. স্কুল সুযোগ-সুবিধার ব্যবহার

প্রেসিডেন্ট কাউন্সিলগুলোকে অবশ্যই ডিস্ট্রিক্ট, বরো, অথবা সেন্ট্রাল অফিসের কোন উপযুক্ত স্থান বরাদ্দ দিতে হবে। প্রেসিডেন্ট কাউন্সিলগুলোকে অবশ্যই টাইপিং, কপি করা এবং ডাক পরিষেবার যুক্তিসঙ্গত সুবিধা দিতে হবে। প্রেসিডেন্ট কাউন্সিলে কোন ধরনের রাজনৈতিক অথবা কম্যুনিটি-ভিত্তিক সংগঠনের প্রার্থী পরিচিতির ফোরাম নিষিদ্ধ। (চ্যান্সেলরের প্রবিধান D-130 দেখুন)। প্রেসিডেন্ট কাউন্সিল চ্যান্সেলরের প্রবিধান D-140, D-150, D-160 এবং D-170 অনুযায়ী শুধুমাত্র কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল সদস্য নির্বাচনের প্রার্থী পরিচিতির ফোরাম পরিচালনা করতে পারবে। সুপারিনটেনডেন্ট অথবা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় স্থান এবং সহায়-সংস্থান পেতে প্রেসিডেন্ট কাউন্সিলগুলোকে সহায়তা প্রদান করবেন।

5. প্রেসিডেন্ট কাউন্সিলের রেকর্ড সংরক্ষণ এবং হস্তান্তর

প্রেসিডেন্ট কাউন্সিলের সকল রেকর্ড অবশ্যই ৬ বছর সংরক্ষিত থাকবে। এক্সিকিউটিভ বোর্ডের বিদায়ী সদস্যগণ অবশ্যই নিশ্চিত করবেন তাদের কর্ম-মেয়াদে প্রাপ্ত রেকর্ডসমূহ যার অন্তর্ভুক্ত সকল পিতামাতার যোগাযোগের তথ্য - নতুন নির্বাচিত এক্সিকিউটিভ বোর্ড সদস্যদের কাছে হস্তান্তর হয়েছে। বিদায়ী এক্সিকিউটিভ বোর্ড সদস্যগণ প্রেসিডেন্ট কাউন্সিলের রেকর্ডের কপি – যার অন্তর্ভুক্ত পিতামাতার যোগাযোগের তথ্য, রাখতে পারবেন না। হস্তান্তর অবশ্যই প্রেসিডেন্ট কাউন্সিলের প্রেসিডেন্টের উপস্থিতিতে ডিওই-র জায়গায় হবে।

রেকর্ডিং সেক্রেটারি – প্রেসিডেন্ট কাউন্সিলের রেকর্ডিং সেক্রেটারির মেয়াদ শেষ হবার আগে, তিনি অবশ্যই সাধারণ সদস্য সভা এবং এক্সিকিউটিভ বোর্ড মিটিং – উভয়ের উপবিধি, সভার নোটিশ, আলোচ্যসূচি, এবং কার্যবিবরণী নতুন নির্বাচিত রেকর্ডিং সেক্রেটারির কাছে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

কোষাধ্যক্ষ – প্রেসিডেন্ট কাউন্সিলের কোষাধ্যক্ষের মেয়াদ শেষ হবার আগে, তিনি অবশ্যই সকল আর্থিক রেকর্ড এবং প্রেসিডেন্ট কাউন্সিল যে পদ্ধতিতে রেকর্ড সংরক্ষণ করেছে সেসম্পর্কিত তথ্য হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

6. সিটিওয়াইড কাউন্সিল নির্বাচক

সিসিএসই — প্রত্যেক প্রেসিডেন্ট কাউন্সিল সিসিএসই সদস্য নির্বাচক হিশেবে কাজ করার জন্য অবশ্যই তার সদস্যদের মধ্য থেকে আইইপিযুক্ত একজন শিক্ষার্থীর পিতামাতা বেছে নেবে। যদি প্রেসিডেন্ট কাউন্সিলে আইইপিযুক্ত শিক্ষার্থীর পিতামাতা না থাকে, প্রেসিডেন্ট কাউন্সিল এক্সিকিউটিভ বোর্ড তার পিএ/পিটিএ অংশ থেকে অবশ্যই একজন আইইপিযুক্ত পিতামাতা খুঁজে বের করবে যিনি নির্বাচক হিশেবে স্বেচ্ছাকর্ম করবেন এবং এই ধরনের একজন পিতামাতা সিসিএসই সদস্য নির্বাচনে নির্বাচক হিশেবে কাজ করবেন। যেসকল পিতামাতা সিসিএসই-র প্রার্থী তারা নির্বাচক হিশেবে পরিষেবাদানে যোগ্য বিবেচিত হবেন না। (চ্যান্সেলরের প্রবিধান D-150 দেখুন)।

সিসিইএলএল – প্রত্যেকটি প্রেসিডেন্ট কাউন্সিল সিসিইএলএল সদস্য হিশেবে কাজ করার জন্য অবশ্যই তার সদস্যদের মধ্য থেকে ইএলএল শিক্ষার্থীর একজন পিতামাতা বেছে নেবে। যদি প্রেসিডেন্ট কাউন্সিলে ইএলএল শিক্ষার্থীর পিতামাতা না থাকে, প্রেসিডেন্ট কাউন্সিল এক্সিকিউটিভ বোর্ড তার পিএ/পিটিএ অংশ থেকে অবশ্যই একজন ইএলএল শিক্ষার্থীর পিতামাতা খুঁজে বের করবে যিনি নির্বাচক হিশেবে স্বেচ্ছাকর্ম করবেন এবং এই ধরনের একজন পিতামাতা সিসিইএলএল সদস্য নির্বাচনের নির্বাচক হিশেবে কাজ করবেন। যেসকল পিতামাতা সিসিইএলএল-র প্রার্থী তারা নির্বাচক হিশেবে পরিষেবাদানে যোগ্য বিবেচিত হবেন না। (চ্যান্সেলরের প্রবিধান D-170 দেখুন)।

7. কম্যুনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল পদপ্রার্থীদের কোরাম

সিইসি পদপ্রার্থীদের কোরাম - প্রত্যেক কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টে, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্ট কাউন্সিল, ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের সহযোগিতায়, পদপ্রার্থীদের একটি কোরাম আহ্বান করবে যেখানে সিইসি পদপ্রার্থীগণ নির্বাচকবৃন্দ, অন্য পিতামাতা এবং আগ্রহী পার্টির কাছে তাদের উপস্থাপনার সুযোগ পাবেন। (চ্যান্সেলরের প্রবিধান D-140 দেখুন)।

ডি৭৫ কাউন্সিল পদপ্রার্থীদের কোরাম – ডিস্ট্রিক্ট ৭৫-এর প্রেসিডেন্ট কাউন্সিল, ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের সহযোগিতায় একটি পদপ্রার্থী কোরাম আহ্বান করবে যেখানে ডি ৭৫ কাউন্সিল পদপ্রার্থীগণ নির্বাচকবৃন্দ, অন্য পিতামাতা এবং আগ্রহী পার্টির কাছে তাদের উপস্থাপনার সুযোগ পাবেন। (চ্যান্সেলরের প্রবিধান D-150 দেখুন)।

সিসিএইচএস পদপ্রার্থীদের কোরাম – প্রত্যেক বরোতে, বরো হাই স্কুল প্রেসিডেন্ট কাউন্সিল, ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের সহযোগিতায়, একটি পদপ্রার্থী কোরাম আহ্বান করবে যেখানে সিসিএইচএস পদপ্রার্থীগণ নির্বাচকবৃন্দ, অন্য পিতামাতা এবং আগ্রহী পার্টির কাছে তাদের উপস্থাপনার সুযোগ পাবেন। (চ্যান্সেলরের প্রবিধান D-160 দেখুন)।

8. প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থসংগ্রহ

প্রেসিডেন্ট কাউন্সিলগুলো অর্থসংগ্রহের অনুষ্ঠান পরিচালনার জন্য অনুমোদিত। অর্থসংগ্রহ এবং অন্য আর্থিক বিষয় সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য সেকশন III.C দেখুন।

F. চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল

চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল (সিপিএসি) একটি সিটিওয়াইড সংগঠন যা চ্যান্সেলরকে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুল শিক্ষার্থীদের উপর প্রভাব ফেলতে পারে এমন বিষয় যেগুলি পিতামাতাদের কাছে গুরুত্বপূর্ণ – সেসব সম্পর্কে পরামর্শ দেবে। সিপিএসি স্থানীয় প্যারেন্ট লিডারশিপ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ বিষয় যা স্কুল এবং শিক্ষানির্দেশনার উপর প্রভাব ফেলে সেসব তথ্য দিয়ে প্রেসিডেন্ট কাউন্সিলকেও সহায়তা প্রদান করে। প্রত্যেক প্রেসিডেন্ট কাউন্সিলের প্রেসিডেন্ট অথবা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সিপিএসি-র সদস্য।

1. তথ্য সুবিধা

চ্যান্সেলরকে কার্যকরীভাবে পরামর্শ দিতে, ডিওই সিপিএসি-র সাথে স্কুল কর্মসূচি এবং শিক্ষার্থী সাফল্য সম্পর্কিত তথ্য বিনিময় করবে। এসব তথ্যের অন্তর্ভুক্ত, কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়, ইংরেজি ভাষা শৈলী এবং গণিতে শিক্ষার্থী সাফল্যের উপাত্ত, এবং তুলনামূলক গ্রেডে এবং স্কুলে শিক্ষার্থী সাফল্যের তুলনা ।

III. প্যারেন্ট অ্যাসোসিয়েশন এবং প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক বিষয়সমূহ

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলগুলো অবশ্যই তাদের নিজস্ব আর্থিক বিষয়ে দায়ী থাকবে। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থের তহবিল স্কুল, ডিস্ট্রিক্ট, বরো, অথবা ব্যক্তিগত তহবিল থেকে ভিন্ন এবং স্বাধীন। স্কুল, ডিস্ট্রিক্ট, অথবা বরোর বাজেট নির্ধারণে পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ তহবিল অন্তর্ভুক্ত করা হয় না। একটি সংগঠনের আর্থিক বিষয়গুলো তার লক্ষ্যের সাথে সমন্বিত সেবিষয়টি নিশ্চিত করতে, পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সাধারণ সদস্যগণ সকল অর্থ-সংগ্রহের এবং সকল তহবিলের ব্যয় পরিকল্পনায় অবশ্যই সংশ্লিষ্ট থাকবে।

পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের ঋণ – পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল কর্তৃক গৃহীত ঋণের জন্য পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলই দায়ী স্কুল, ডিস্ট্রিক্ট অথবা ডিওই নয়।

A. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের বাজেট

1. উপবিধিতে বাজেট প্রক্রিয়া

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলগুলো তাদের উপবিধিতে অবশ্যই বাজেট প্রক্রিয়া নির্ধারণ করবে। এই প্রক্রিয়া অবশ্যই এফএসিই-র উপবিধি টেমপ্লেট যা http://schools.nyc/gov/parentleadership - ওয়েবসাইটে দেয়া আছে তার ন্যূনতম শর্তগুলো পূরণ করবে।

2. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের প্রস্তাবিত বাজেট

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড প্রত্যেক বছর জুনের সাধারণ সভার আগে অবশ্যই একটি বাজেট প্রস্তাব প্রস্তুত করবে যা সদস্যদের অনুমোদনের জন্য পেশ করা হবে। বাজেট প্রস্তাবের ফরম http://schools.nyc.gov/parentleadership ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রস্তাবিত পিএ/পিটিএ বাজেট পিএ/পিটিএ সদস্যদের অনুমোদনের পর অবশ্যই প্রিন্সিপ্যালের কাছে পেশ করা হবে। প্রস্তাবিত প্রেসিডেন্ট কাউন্সিলের বাজেট প্রেসিডেন্ট কাউন্সিল সদস্যদের অনুমোদনের পর সুপারিনটেনডেন্টের কাছে পেশ করা হবে।

B. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের ব্যাংক অ্যাকাউন্ট

1. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের চেকিং অ্যাকাউন্ট

পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের নামে একটি চেকিং অ্যাকাউন্ট অবশ্যই চালু থাকবে। সকল পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ অবশ্যই এই চেকিং অ্যাকাউন্টে জমা থাকবে। চেকবই-এ প্রদত্ত প্রতিটি চেকের স্টাব বা কার্বন কপি অবশ্যই ব্যবহৃত হবে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল যারা চেকের বিকল্প কোন ব্যবস্থা ব্যবহারে আগ্রহী (যেমন ফিনানসিয়াল সফটওয়্যার থেকে প্রিন্ট করা চেক), তাদের অবশ্যই ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট কাছ থেকে অনুমতি নিতে হবে। যদি কোন পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের চেকিং অ্যাকাউন্ট খুলতে সমস্যা হয়, সহায়তার জন্য তাদের অবশ্যই এফএসিই-র সাথে যোগাযোগ করা প্রয়োজন।

a) এমপ্লয়ার আইডেন্টিফিকেশন নাম্বার (ইআইএন) – পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল, পৃথক পৃথক সংগঠন হিশেবে, ডিওই-র ইআইএন ব্যবহার করতে পারবে না। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই ব্যাংক অ্যাকাউন্ট আবেদনের জন্য ইন্টারনাল রেভিনিউ সার্ভিস[5] প্রদত্ত তাদের নিজস্ব ইআইএন ব্যবহার করবে। পিএ/পিটিএ-র ইআইএন অবশ্যই প্রিন্সিপ্যালের কাছে ফাইলে থাকবে। প্রেসিডেন্ট কাউন্সিলের ইআইএন অবশ্যই সুপারিনটেনডেন্টের কাছে ফাইলে থাকবে।

b) স্বাক্ষরকারীগণ — পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের চেক ২ জন অফিসার কর্তৃক অবশ্যই স্বাক্ষরকৃত হতে হবে। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে ন্যূনতম ৩ জন যোগ্য অফিসারের নাম উল্লিখিত থাকবে। চেক স্বাক্ষরকারী ২ জন অফিসার রক্ত অথবা বৈবাহিকসূত্রে আত্মীয় হতে পারবে না। কোন অবস্থাতেই পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের চেক স্বাক্ষরকারী ব্যক্তিদ্বয় স্বামী-স্ত্রী, ভাই-বোন, বৈবাহিকসূত্রের আত্মীয় অথবা অন্য ধরনের আত্মীয় অথবা একই পরিবারের সদস্য হবে না। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য চেক স্বাক্ষর করতে পারবে না যদি ব্যায়ের সাথে তার প্রত্যক্ষ বা পরোক্ষ স্বার্থ জড়িত থাকে।

c) প্রাপক- কোন চেকে প্রাপকের ক্ষেত্রে "পেটি ক্যাশ" অথবা "ক্যাশ" লেখা যাবে না। স্বাক্ষরকারীগণ চেকের অনুমোদনও দিতে পারবেন না।

2. অন্য ব্যাংক অ্যাকাউন্ট

[5] ইআইএন নম্বরের জন্য ইন্টারনাল রেভিনউ সার্ভিসের সাথে যোগাযোগ করুন: 1-800-829-4933.

বাধ্যতামূলক চেকিং অ্যাকাউন্ট ছাড়া অন্য ব্যাংক অ্যাকাউন্টের জন্য অবশ্যই ভোটের মাধ্যমে সদস্যদের অনুমতি নিতে হবে এবং তা অবশ্যই পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের নামে হতে হবে। যদিও, সকল লেন-দেনে, যেমন অর্থ তোলা এবং জমা দেয়া, অবশ্যই প্রাথমিক চেকিং অ্যাকাউন্ট ব্যবহৃত হবে (উদাহরণস্বরূপ, যদি কোন পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সেভিং অ্যাকাউন্ট থাকে, অর্থ অবশ্যই চেকিং অ্যাকাউন্ট থেকে সেভিং অ্যাকাউন্টে জমা দিতে হবে। শুধুমাত্র সেভিং অ্যাকাউন্ট থেকে চেকিং অ্যাকাউন্টে অর্থ জমা করেই অর্থ তোলা যাবে)।

3. এটিএম কার্ড এবং অর্থ তোলার স্লিপ

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অটোমেটেড টেলার মেশিন (এটিএম) কার্ড, ডেবিট কার্ড, এবং অর্থ তোলার স্লিপ থাকবে না এবং সেগুলি তারা ব্যবহার করতে পারবে না। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের ব্যাংক অ্যাকাউন্ট খোলা সম্পর্কিত কোন এটিএম কার্ড, ডেবিট কার্ড, এবং অর্থ তোলার স্লিপ লভ্য হলে তা অবশ্যই অতিসত্বর ধ্বংস করে দিতে হবে। এই বিধান লংঘনের সাথে জড়িত যেকোন অফিসারকে চ্যান্সেলর অথবা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি দ্রুত অপসারণ করতে পারেন।

C. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থসংগ্রহ

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থসংগ্রহ করাই শেষ কথা নয়। এর অবশ্যই একটি উদ্দেশ্য থাকতে হবে – তা হতে পারে পিতামাতার শিক্ষা, কর্মশালা, এবং স্কুল, ডিস্ট্রিক্ট, অথবা বরোর প্রচেষ্টার লক্ষ্যে। অর্থসংগ্রহের লভ্য অর্থ অবশ্যই স্কুল, ডিস্ট্রিক্ট, অথবা বরোর শিক্ষা-সংক্রান্ত, সামাজিক, এবং সংস্কৃতিক কর্মসূচিসমূহকে সহায়তা দিতে অথবা তাকে সমৃদ্ধ করার জন্য হবে। কোন কোন ক্ষেত্রে, চ্যান্সেলর পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলগুলোকে মানবিক কারণের জন্য অর্থসংগ্রহের অনুমতিও দিতে পারেন।

1. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থসংগ্রহের কর্মকাণ্ডে নিয়ম অনুসরণ

সকল অর্থসংগ্রহের কর্মকাণ্ড ফ্লি মার্কেট (A-610), অর্থ সংগ্রহের কর্মকাণ্ড এবং শিক্ষার্থীদের কাছ থেকে অর্থসংগ্রহের জন্য (A-610), পুষ্টিকর এবং পুষ্টিকর নয় এমন খাবার বিক্রয়(A-812) সম্পর্কিত প্রবিধান এবং যা উপযুক্ত সেইসব চ্যান্সলরের প্রবিধান মেনে করা হবে।

a) এমপ্লয়ি আইডেন্টিফিকেশন নম্বর (ইআইএন) – পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল কোন অর্থ সংগ্রহের কর্মকাণ্ড পরিচালনা করতে পারবে না, যেপর্যন্ত না তারা ইআইএন পায়। (সেকশন III.B.1.a.দেখুন)।

2. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের জন্য নিষিদ্ধ অর্থ সংগ্রহের কর্মকাণ্ড

a) মুভি এবং থিয়েটারের টিকেট বিক্রয় - শিক্ষার্থীদের দেখার জন্য মুভি এবং থিয়েটারের টিকেট বিক্রি নিষিদ্ধ, যদি না প্রকল্পটি শিক্ষক এবং/অথবা শিক্ষাবিষয়ক কোচদের সহযোগিতার মাধ্যমে না হয় এবং তা সরাসরি পাঠ্যক্রমের সাথে সম্পৃক্ত না থাকে।

b) দরজায় দরজায় গিয়ে অর্থসংগ্রহ – পিতামাতা সঙ্গে না থাকলে দরজায় দরজায় গিয়ে শিক্ষার্থীদের অর্থ সংগ্রহ নিষিদ্ধ। ইয়র্ক

c) রায়েল টিকেট – শিক্ষার্থীদের কাছে অথবা তাদের দ্বারা রাফেল টিকেট বিক্রি নিষিদ্ধ। যেকোন রাফেল টিকেট বিক্রি নিউ ইয়র্ক স্টেটের জেনারেল মিউনিসিপ্যাল আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং নিউ ইয়র্ক স্টেটের রেসিং এবং ওয়েজারিং(রেস এবং বাজি)বোর্ডের[6] প্রযোজ্য বিধি অনুযায়ী হবে। এই আইন এবং বিধানগুলোতে কখন রাফেল পরিচালনা করা যেতে পারে এবং রাফেল থেকে সংগ্রহিত অর্থ কীভাবে ব্যয় করা হবে সেসম্পর্কিত প্রয়োগিক এবং লাইসেন্স পাবার শর্তসমূহের বিবরণ আছে। শুধুমাত্র যেসকল পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল ৩ বছর যাবত প্রতিষ্ঠিত হয়েছে তারা যেকোন ধরনের রাফেল অনুষ্ঠানের যোগ্য। কোন পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল যারা ইদানীং অনুষ্ঠিত একটি রাফেলের ৩ বছর আগে থেকে বিদ্যমান তারা এই আইন প্রয়োগ এবং লাইসেন্সিং-এর শর্ত থেকে অব্যাহতি পেতে পারে যদি একটি অনুষ্ঠান থেকে নেট অর্থ সংগ্রহের পরিমাণ ৫,০০০ ডলারের কম হয়ে এবং এক ক্যালেন্ডার বছরে অনুষ্ঠিত কতগুলি রাফেল থেকে সংগ্রহিত নেট অর্থ ২০,০০০ ডলারের কম হয়। সকল পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল রাফেল অনুষ্ঠান পরিচালনা এবং সংগ্রহিত অর্থ ব্যবহারের নির্ধারিত সকল শর্ত মেনে চলবে। এই শর্তগুলি ফ্রি রাফেল ড্র-এর বেলায় প্রযোজ্য নয় (যেমন দরজায় যেসব পুরস্কার দেয়া হয়)।

[6] বাড়তি তথ্যের জন্য: http://schools.nyc.gov/parentleadership এবং www.racing.state.ny.us/charitable/Raffle_Information.htm ওয়েবসাইটে গিয়ে "প্যারেন্ট অ্যাসোসিয়েশন গাইড টু রাফেল" দেখুন

d) জুয়া – বিংগোসহ সকল ধরনের জুয়া নিষিদ্ধ।

3. পিএ/পিটিএ-র অর্থ সংগ্রহ পরিকল্পনা

a) শিক্ষা চলাকালে শিক্ষার্থীদের নিয়ে অর্থ সংগ্রহের কর্মকাণ্ড – শিক্ষার কাজ চলাকালে শিক্ষার্থীদের নিয়ে পিএ/পিটিএ প্রতি বছরে ২ বার অর্থ সংগ্রহ করতে পারবে। শিক্ষার কাজ চলছে না এমন সময়ে অর্থ সংগ্রহের বিষয়ে কোন বাধা নাই। শিক্ষার কাজ চলছে না বলতে স্কুল দিবসের এমন সময়কে বোঝায় যখন শিক্ষার্থীরা পড়াশুনায় ব্যস্ত থাকে না (যেমন লাঞ্চের সময়)। শিক্ষা-নির্দেশনা চলাকালে পিএ/পিটিএ-র অর্থ সংগ্রহের কর্মকাণ্ডের সাথে সম্পর্কিত তথ্য বিতরণ (যেমন বুলেটিন, নিউজলেটার, নোটিশ, ফরম অথবা এনভেলপ অর্ডার করা) প্রবিধানের এই বিধির লঙ্ঘন হিশেবে বিবেচিত হয় না।

b) প্রিন্সিপ্যালের অনুমোদন – অর্থ সংগ্রহের কর্মকাণ্ড যদি স্কুল সময়ে অথবা স্কুল সম্পত্তির মধ্যে হয়, সেক্ষেত্রেই শুধু প্রিন্সিপ্যালের লিখিত অনুমতি আবশ্যিক। (চ্যান্সেলরের প্রবিধান A-610 দেখুন)।

4. প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ সংগ্রহ পরিকল্পনা

a) শিক্ষার্থী সংশ্লিষ্ট অর্থ সংগ্রহের কর্মকাণ্ড – প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ সংগ্রহের কর্মকাণ্ডে শিক্ষার্থীরা সংশ্লিষ্ট থাকতে পারবে না।

b) সুপারিনটেনডেন্টের সাথে যৌথ পরিকল্পনা - প্রেসিডেন্ট কাউন্সিল কর্তৃক পরিচালিত অর্থ সংগ্রহের কর্মকাণ্ডে সুপারিনটেনডেন্টের সাথে যৌথ পরিকল্পনা আবশ্যিক।

5. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ সংগ্রহের অনুমোদন

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের সকল অর্থ সংগ্রহের কর্মকাণ্ড কোরাম পূরণ হওয়া একটি নিয়মিত সময়সূচির সভায় সদস্যগণ কর্তৃক অবশ্যই অনুমোদিত হতে হবে। সদস্যদের অনুমোদন সভার কার্যবিবরণীতে প্রতিফলিত হওয়া আবশ্যিক। অর্থ সংগ্রহ কর্মকাণ্ড শুরুর আগে সদস্যদের অনুমোদন লাভে ব্যর্থতা এই প্রবিধানের লঙ্ঘন। প্রেসিডেন্ট

6. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ সংগ্রহের যোগাযোগসূত্র

a) পিতামাতা এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ – সেকশন I.G.3.-তে বর্ণিত বিধি অনুযায়ী, পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অর্থ সংগ্রহসহ অন্য কোন উদ্দেশ্যে স্কুল, ডিস্ট্রিক্ট, অথবা বরো থেকে শিক্ষার্থী অথবা পিতামাতার নাম, ঠিকানা, অথবা অন্য যোগাযোগের তথ্যসহ কোন তালিকা পাবে না।

b) যোগাযোগ সহায়তা – পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অর্থ সংগ্রহ এবং এর ফলে যে তহবিল পঠিত হয় সেজন্যে দায়ী। অর্থ সংগ্রহ কর্মকাণ্ডের প্রচারের জন্য পিএ/পিটিএ প্যারেন্ট কোঅর্ডিনেটরের সহায়তা চাইতে পারে। প্যারেন্ট কোঅর্ডিনেটর পিএ/পিটিএ অর্থ নিয়ন্ত্রণ করেন না।

7. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ সংগ্রহের অর্থ

a) অর্থ জমাদান – পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অর্থ সংগ্রহ কর্মকাণ্ড থেকে সংগ্রহিত সকল অর্থ এক কর্ম দিবসের মধ্যে জমাদানের সকল প্রচেষ্ট করবে, কিন্তু তা কোনক্রমেই ৩ কর্ম[7] দিবসের বেশি হতে পারবে না। অর্থ সংগ্রহের কর্মকাণ্ডের দিনেই যদি অতিসত্বর জমা না দেয়া যায়, পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই নিশ্চিত করবে যে, সব অর্থ স্কুলে অথবা ডিওই সম্পত্তির কোন নিরাপদ স্থানে তালাবদ্ধভাবে তা সংরক্ষিত রাখা হয়েছে (যেমন স্কুলের সিন্দুকে)। পিএ/পিটিএ-র অর্থ স্কুলে সংরক্ষিত হলে, পিএ/পিটিএ-কে প্রিন্সিপ্যালের লিখিত স্বীকারোক্তি এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ ডিওই সম্পত্তিতে রাখা হলে সুপারিনটেনডেন্টের লিখিত স্বীকারোক্তি অবশ্যই নিতে হবে। স্বীকারোক্তিতে যে পরিমাণ ডলার রাখা হয়েছে তার উল্লেখ অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে। কোন অবস্থাতেই এই সংগ্রহিত অর্থ পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যদের কর্মস্থলে অথবা বাড়িতে রাখা যাবে না।

b) অর্থ সংগ্রহ কর্মকাণ্ডের রিপোর্ট – পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড অবশ্যই অর্থ সংগ্রহ কর্মকাণ্ডের একটি রিপোর্ট প্রস্তুত করবে যা প্রত্যেকটি সংগ্রহ কর্মকাণ্ডের পরে http://schools.nyc/gov/parentleadership ওয়েবসাইটে পাওয়া যাবে। রিপোর্টে অবশ্যই সংগ্রহিত অর্থের মোট পরিমাণ এবং সংশ্লিষ্ট ব্যয়ের উল্লেখ থাকবে এবং পরবর্তী সাধারণ সদস্য সভায় তা সদস্যদের মধ্যে বিতরণ করা হবে। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড অবশ্যই কোন্ কর্মসূচির সহায়তায় এই অর্থ ব্যয় হবে তার উল্লেখ করবে। অর্থ সংগ্রহ কর্মকাণ্ড শেষ হবার ৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে পিএ/পিটিএ অর্থ সংগ্রহ কর্মকাণ্ডের রিপোর্টের কপি অবশ্যই প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে হবে। প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থসংগ্রহ কর্মকাণ্ডের রিপোর্টের কপি অর্থ সংগ্রহ কর্মকাণ্ড শেষ হবার ৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে অবশ্যই সুপারিনটেনডেন্টের কাছে জমা দিতে হবে ।

[7] সব ব্যায়েলের অর্থ প্রত্যেক সপ্তাহের বৃধবারের মধ্যে এইসব শর্ত অনুযায়ী অবশ্যই জমা দিতে হবে।. 9 NYCRR § 5624.8 (2009) দেখুন।

D. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক লেন-দেন

1. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যদের অনুমোদন

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল কর্তৃক সকল খরচ কোরামপূর্ণ হওয়া নিয়মিত সময়সূচির একটি সদস্য সভায় অবশ্যই অনুমোদিত হতে হবে। সদস্যদের অনুমোদন সভার কার্যবিবরণীতে অবশ্যই প্রতিফলিত হবে। কোন ব্যয়ের আগে অনুমোদন লাভে ব্যর্থ হলে তা এই প্রবিধানের লঙ্ঘন বলে বিবেচিত হবে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের ব্যয় অনুমোদনের সময় যে পরিস্থিতির সৃষ্টি হতে পারে তা হলো– সেই কারণে সদস্যগণ স্বার্থের সংঘাত সম্পর্কিত সেকশন I.E.4 মেনে চলবেন।

2. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ডের জরুরি খরচ

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে অবশ্যই এক্সিকিউটিভ বোর্ডের জরুরি ব্যয় অনুমোদনের একটি প্রক্রিয়ার উল্লেখ থাকতে হবে। উপবিধিগুলোতে জরুরি ব্যয় কোন্ পরিস্থিতিতে উদ্ভব হতে পারে তার বিবরণ, সর্বোচ্চ কত ডলার বরাদ্দ করা যেতে পারে তার পরিমাণ, এবং জরুরি ব্যয়ের রিপোর্ট সদস্যদের কাছে প্রদানের সময়সীমার উল্লেখ থাকবে। জরুরি ব্যয়ের পরে, পরবর্তী সাধারণ সদস্যদের সভায়, সদস্যগণ জরুরি ব্যয়টি অর্থের যথাযথ ব্যবহার ছিন কিনা সেসম্পর্কে ভোটদানের সুযোগ অবশ্যই পাবেন।

3. পকেট থেকে ব্যয় বহন

পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের কোন সদস্যের পকেট থেকে কোন ব্যয় বহনের কারণে রসিদ প্রদান সাপেক্ষে তার অর্থ পরিশোধ করা হতে পারে। এই ধরনের ব্যয় অবশ্যই সদস্যদের দ্বারা অনুমোদিত হতে হবে। যখনই সম্ভব, সদস্যদের অনুমোদন পকেট থেকে খরচ করার আগেই নেয়া উচিত। উপবিধিতে অনুমোদনযোগ্য পকেট থেকে ব্যয় এবং একজন সদস্য সর্বোচ্চ কত ডলার ব্যয় করতে পারবেন যা পরিশোধযোগ্য তার বিবরণ থাকতে হবে। অর্থ পরিশোধ শুধু সদস্যকে চেকদানের মাধ্যমে হবে, নগদ অর্থে নয়।

4. কর্মচারী নিয়োগদান

a) <u>কর্মচারী নিয়োগদানে স্কুলে অর্থ অনুদান</u> – সেকশন III.D.5 বর্ণিত বিধি-নিষেধ অনুযায়ী, পিএ/পিটিএ স্কুল চলাকালে কাজের জন্য স্কুলকে সম্পূরক কর্মচারী (যেমন ক্লাস্টার টিচার) নিয়োগদানের জন্য অনুদান দিতে পারে। পিএ/পিটিএ স্কুল-ছুটি পরবর্তী এবং সপ্তাহান্তের কর্মকাণ্ড পরিচালনার জন্য কর্মচারী নিয়েগদানেও স্কুলকে অনুদান দিতে পারে। কিন্তু পিএ/পিটিএ-কে স্কুলের প্রিন্সিপ্যালের অনুমতি নিতে হবে। প্রিন্সিপ্যালের অনুমতি নেবার পর, পিএ/পিটিএ অবশ্যই স্কুলের নামে চেক ইস্যু করবে যা নির্দিষ্ট সিনিয়র গ্র্যান্ট (এসজিও)অফিসারের বরাবরে হবে। এসজিও সম্পূরক কর্মচারী নিয়োগদান অনুমোদন করার পর, এই অর্থ স্কুল বাজেটে পাওয়া যাবে।

b) <u>সরাসরি কর্মচারী নিয়োগ</u> – সেকশন III.D.5.- এ বর্ণিত বিধি-নিষেধ অনুযায়ী, পিএ/পিটিএ শুধুমাত্র স্কুল-ছুটি পরবর্তী অথবা সপ্তাহান্তের কর্মকাণ্ড পরিচালনার জন্য স্কুল কর্মচারী নিয়োগ দিতে পারে। শুধুমাত্র সরাসরি শিক্ষার্থীদের সাথে কাজের জন্য কর্মচারী নিয়োগ দেয়া যেতে পারে। স্কুল-ছুটি পরবর্তী এবং সপ্তাহান্তের কর্মকাণ্ড পরিচালনায় কর্মচারী নিয়োগদানের জন্য পিএ/পিটিএ-কে অবশ্যই স্কুলের প্রিন্সিপ্যালের অনুমতি নিতে হবে। অনুমতি লাভের পর, পিএ/পিটিএ-কে তাদের সাধারণ সদস্যদের অনুমোদন নিতে হবে।

c) সরাসরি কর্মচারী নিয়োগের দায়-দায়িত্ব — পিএ/পিটিএ অবশ্যই সকল স্টেট এবং ফেডারেলের শর্ত পূরণ করবে, যেমন ইন্টারনাল রেভিনিউ সার্ভিস কর্তৃক প্রতিষ্ঠিত ট্যাক্স এবং রিপোর্ট প্রদানের শর্তসমূহ। পিএ/পিটিএ-কে বাধ্যতামূলক সকল ফেডারেল, স্টেট এবং স্থানীয় চাকরি সংক্রান্ত ট্যাক্স কাটতে হবে এবং এইসব ট্যাক্সের সঠিক রিপোর্ট যথাযথ সরকারী সংস্থায় দিতে হবে। যেসব পিএ/পিটিএ সরাসরি কর্মচারী নিয়োগদান করে তারা ঐসব কর্মচারীর দায়িত্ব বহনের জন্য নিজেরাই দায়ী – এর অন্তর্ভুক্ত ব্যক্তিগত আঘাতপ্রাপ্তি, সম্পত্তির ক্ষয়ক্ষতি অথবা কর্মচারীর কাজকর্ম বা অবহেলাজনিত কারণে উদ্ভুত অপরাধ। পিএ/পিটিএ অবশ্যই একটি সামগ্রিক দায়ের বিমা পলিসি প্রদান করবে যেখানে স্কুল, ডিস্ট্রিক্ট, এবং নিউ ইয়র্ক সিটি বাড়তি বিমাভুক্ত হিশেবে উল্লিখিত থাকবে। সকল প্রযোজ্য আইন এবং ডিওই-র নীতিমালা অনুসরণ করে পিএ/পিটিএ অবশ্যই ডিওই-র সুযোগ-সুবিধাগুলো ব্যবহার করবে। সপ্তাহান্তে অথবা স্কুল-ছুটি পরবর্তী সময়ে স্কুল[8] ব্যবহারের জন্য পিএ/পিটিএ-কে অবশ্যই বিল্ডিং পারমিট নিতে হবে। (চ্যান্সেলরের প্রবিধান D-180 দেখুন)।

সরাসরি কর্মচারী নিয়োগদান না করে, বরং এটি সুপারিশকৃত যে, পিএ/পিটিএ, উপরে উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে, কর্মসূচিসমূহ পরিচালনার জন্য প্রিন্সিপ্যালকে সুযোগ দিতে স্কুল-ছুটি পরবর্তী এবং সপ্তাহান্তের কর্মকাণ্ডের জন্য স্কুলকে অর্থ দান করুক।

5. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের ব্যয়ের উপর বিধি-নিষেধ

a) নির্দিষ্ট লক্ষ্যে অর্থ সংগ্রহ – পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই নির্দিষ্ট লক্ষ্যে সংগ্রহিত অর্থ নির্দিষ্ট কাজে ব্যবহারের জন্য বরাদ্দ রাখবে (যেমন সিনিয়র শিক্ষার্থীদের খরচ বহনের জন্য অর্থ শুধু ঐ স্কুল বছরের ঐ গ্রেডের শিক্ষার্থীদের কর্মকাণ্ডের জন্যই ব্যবহৃত হবে)। যদি কোন অর্থ বেঁচে যায়, ঐ অর্থের ভবিষ্যত ব্যবহার সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে নির্ধারিত হবে।

b) রাজনৈতিক সংগঠনে দান — পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের দান সিইসি, সিসিএসই, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল, অথবা ডি ৭৫ কাউন্সিল সদস্য পদপ্রার্থীদের বা কোন রাজনৈতিক দল, রাজনৈতিক গ্রুপ বা কোন উপদলকে দেয়া কঠোরভাবে নিষিদ্ধ।

c) স্কুল সময়ে কাজের জন্য কর্মচারী নিয়োগদান — পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল স্কুল সময়ে কাজের জন্য সরাসরি মূল শিক্ষানির্দেশনার শিক্ষক (যেমন যেসকল শিক্ষকগণ মূল বিষয়গুলো পড়ায় যেমন গণিত, বিজ্ঞান, ইংরেজি, এবং ইতিহাস) নিয়োগ অথবা নিয়োগদানে অর্থ অনুদান দিতে পারে না। পিএ/পিটিএ স্কুল সময় কাজের জন্য সরাসরি নিয়োগ দিতে পারে না কিন্তু সম্পূরক কর্মচারী(যেমন ক্লাস্টার টিচার)নিয়োগ দিতে স্কুলকে অর্থ অনুদান দিতে পারে।

d) প্রশাসনিক কর্মচারী নিয়োগদান — পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অ্যাসোসিয়েশনের প্রশাসনিক কাজ-কর্ম করতে অথবা পিএ/পিটিএ বা প্রেসিডেন্ট কাউন্সিলের কর্মসূচি পরিচালনার জন্য কর্মচারী নিয়োগ দিতে পারে না।

6. ট্যাক্স অব্যাহতির ব্যয়

a) নিউ ইয়র্ক স্টেটের ট্যাক্স অব্যাহতির নম্বর – ট্যাক্স অব্যাহতির ভিত্তিতে কোন জিনিস কেনার লক্ষ্যে পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলকে অবশ্যই তাদের নিজস্ব নিউ ইয়র্ক স্টেটের ট্যাক্স অব্যাহতির নম্বর নিতে হবে। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল ডিওই অথবা স্কুলের কোন ট্যাক্স অব্যাহতির নম্বর ব্যবহার করতে পারবে। ট্যাক্স-অব্যাহতি ব্যবস্থা শুধুমাত্র অ্যাসোসিয়েশনের সুবিধা পাওয়ার জন্য হবে, কোন ব্যক্তি

[8] ২ সেপ্টেম্বর, ২০০৯ তারিখে, পিএ/পিটিএ কর্তৃক নিযুক্ত ব্যক্তিদের ব্যাপারে ডিওই এবং ইউএফটি চুক্তিবদ্ধ হয়েছে। পিএ/পিটিএ-র অর্থ ব্যবহারের মাধ্যমে সকল প্যারেন্ট অ্যাসোসিয়েশনের টিচার এইড নিয়োগদান অবশ্যই এই চুক্তির শর্ত মেনে চলবে।

সদস্যের[9] লাভের জন্য নয়।

b) 501(c)(3) অবস্থা – যেসব পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল 501(c)(3)-এর সংগঠন হিশেবে অন্তর্ভুক্ত হতে আগ্রহী তারা অবশ্যই তাদের পরামর্শক রাখবে এবং সকল প্রাসঙ্গিক আইন, নীতিমালা, নিয়ম-কানুন, বিধি-বিধান , উপবিধি এবং অন্য শর্তসমূহ পূর্ণভাবে মেনে তাদের কর্ম পরিচালনা অব্যাহত রাখবে। যেসকল পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল ইতোমধ্যে 501(c)(3)-এর সংগঠন হিশেবে অন্তর্ভুক্ত হয়েছে তারা অবশ্যই বাড়তি প্রযোজ্য শর্ত যা আর্থিক বিষয়, রেকর্ড সংরক্ষণ এবং অন্য আইনি বিষয়গুলোর[10] সাথে সম্পৃক্ত সেগুলির ব্যাপারে তাদের পরামর্শকের উপদেশ চাইবে।

E. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক রেকর্ড সংরক্ষণ

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল তাদের লক্ষ্যে পৌঁছানোর জন্য স্বচ্ছতা বৃদ্ধি করতে অবশ্যই সামগ্রিক এবং সুসংগঠিত আর্থিক রেকর্ড রাখবে।

1. আর্থিক রেকর্ড সংরক্ষণ

আর্থিক রেকর্ড বলতে সেইসব রেকর্ড বোঝায় যা আয়, ব্যয়, ফেরতদান (রিফান্ড) এবং অন্য যেকোন আর্থিক লেন-দেনকে প্রতিফলিত করে। পিএ/পিটিএ-র আর্থিক রেকর্ড অবশ্যই স্কুল প্রাঙ্গনে এবং প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক রেকর্ড ডিস্ট্রিক্ট অথবা বরোর অফিসে সংরক্ষিত হবে। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই সকল রেকর্ড ৬ বছরের জন্য সংরক্ষণ করবে। আর্থিক রেকর্ডে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে অন্তবর্তীকালীন এবং বার্ষিক আর্থিক রিপোর্ট, ব্যাংক স্টেটমেন্ট, চেকবুক লেজার, জমাদানের স্লিপ, আর্থিক কর্মকাণ্ড অনুমোদনের কর্যবিবরণী, এবং ইনভয়েস। প্রযোজ্য হলে, বাতিলকৃত অথবা বর্জিত চেক, ভেন্ডরের চুক্তি, ক্রয়-করা অথবা দানের জিনিসপত্র, ক্রয়ের জন্য জমাদানকৃত ট্যাক্স মওকুফের কপি অথবা রেকর্ড, এবং অন্য যেকোন রেকর্ড যেখানে আয়, ব্যয় অন্য আর্থিক লেন-দেন প্রতিফলিত হয়েছে – সব অবশ্যই সংরক্ষিত হবে।

2. উপবিধির রেকর্ড সংরক্ষণের নিয়মাবলী

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধি অবশ্যই অর্থ গোণা, রক্ষকরা এবং প্রাপ্ত অর্থ জমাদানের একটি প্রক্রিয়া অবশ্যই প্রতিষ্ঠিত করবে। উপবিধি সকল আর্থিক লেন-দেন নথিভুক্তকরণে পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের ব্যবহারের জন্য একটি প্রক্রিয়াও প্রতিষ্ঠিত করবে।

3. নগদ অর্থ প্রাপ্তি এবং প্রদান

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলে যেসকল পিতামাতা নগদ অর্থ দান করেন তাদেরকে অবশ্যই রসিদ দিতে হবে। যদিও পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল সংগ্রহ এবং জমাদানের পর আর নগদ অর্থ প্রদান অথবা ফেরত হিশেবে তা দিতে পারবে না।

[9] সহায়তার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিনান্সের সাথে যোগাযোগ করুন: 518-485-2889.
[10] সহায়তার জন্য ইন্টারনাল রেভিনিউ সার্ভিসের সাথে যোগাযোগ করুন: 1-800-829-4933.

4. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের রেকর্ড থেকে তথ্য প্রাপ্তির উপায়

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক রেকর্ড অনুরোধ সাপেক্ষে এবং যুক্তিসঙ্গত নোটিশদানের পর উভয় পক্ষের সম্মত একটি সময়ে সদস্যদের কাছে অবশ্যই লভ্য হবে। আর্থিক রেকর্ড পর্যালোচনার সকল আবেদন লিখিতভাবে করতে হবে এবং যে রেকর্ডটি পর্যালোচানার জন্য চাওয়া হবে তার উল্লেখ থাকতে হবে। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অনুরোধকৃত নথিটি সদস্যগণ কর্তৃক পর্যালোচনার জন্য অবশ্যই একটি যুক্তিসঙ্গত সময়ের সুযোগ দেবে। আর্থিক রেকর্ডের পর্যালোচনা অবশ্যই এক্সিকিউটিভ বোর্ড এবং ২ জন সাধারণ সদস্য যারা এই অনুরোধের সাথে সংশ্লিষ্ট নন তাদের উপস্থিতিতে হবে। পর্যালোচনাকৃত নথিটিকে শনাক্ত করে একটি রিভিউপত্র উপস্থিত সকল সদস্য অবশ্যই স্বাক্ষর করবেন। অনুরোধ সাপেক্ষে, যে নথিটি পর্যালোচনা করা হয়েছে তার কপি পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই সদস্যদের দেয়ার চেষ্টা করবেন।

F. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক রিপোর্ট

1. কোষাধ্যক্ষের রিপোর্ট

প্রত্যেক এক্সিকিউটিভ বোর্ড এবং সাধারণ সদস্য সভায় একটি কোষাধ্যক্ষের রিপোর্ট অবশ্যই দিতে হবে। এই রিপোর্টে অবশ্য অন্তর্ভুক্ত থাকবে আয়, ফেরত দেয়া অর্থ, প্রদত্ত অর্থ, অন্য ব্যয়, এবং রিপোর্টিংয়ের সময়ের শুরুতে এবং শেষে যে অর্থ উদ্বৃত্ত ছিল তার পরিমাণসহ সকল লেন-দেনের বিবরণ। পিএ/পিটিএ-র কোষাধ্যক্ষের রিপোর্টের কপি অবশ্যই প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে হবে এবং স্কুলে সেটি পোস্ট করা হবে, কিন্তু প্রেসিডেন্ট কাউন্সিলের কোষাধ্যক্ষেল রিপোর্ট অবশ্যই সুপারিনটেনডেন্টের কাছে জমা দিতে এবং তা সদস্যদের কাছেও লভ্য হবে।

2. পিএ/পিটিএ-র অন্তর্বর্তীকালীন এবং বার্ষিক রিপোর্ট

পিএ/পিটিএ অবশ্যই একটি অন্তর্বর্তীকালীন পিএ/পিটিএ আর্থিক রিপোর্ট প্রস্তুত করবে এবং প্রতি স্কুল বছরে ৩১ জানুয়ারি তারিখের মধ্যে তা প্রিন্সিপ্যালের কাছে জমা দেবে। পিএ/পিটিএ তাদের বার্ষিক পিএ/পিটিএ আর্থিক রিপোর্টও অবশ্যই তৈরি করবে এবং প্রতি স্কুল বছরের ৩০ জুন তারিখের মধ্যে প্রিন্সিপ্যালের কাছে তা জমা দেবে। অন্তর্বর্তীকালীন এবং বার্ষিক আর্থিক রিপোর্টের টেমপ্লেট http://schools.nyc/gov/parentleadership ওয়েবসাইটে পাওয়া যাবে। পিএ/পিটিএ-র আর্থিক তথ্য এবং রিপোর্ট অনুরোধ সাপেক্ষে ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের কাছে জমাদানের জন্য প্রিন্সিপ্যাল দায়ী। পিএ/পিটিএ অন্তর্বর্তীকালীন এবং বার্ষিক পিএ/পিটিএ আর্থিক রিপোর্টের কপি সকল সদস্যের কাছে বিতরণের জন্য দায়ী থাকবে।

3. প্রেসিডেন্ট কাউন্সিলের বার্ষিক রিপোর্ট

প্রেসিডেন্ট কাউন্সিলের বার্ষিক আর্থিক রিপোর্ট অবশ্যই প্রেসিডেন্ট কাউন্সিল প্রস্তুত করবে এবং প্রতি স্কুল বছরে ৩০ জুন তারিখের মধ্যে তা ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টে জমা দেয়া হবে। প্রেসিডেন্ট কউন্সিলের বার্ষিক আর্থিক রিপোর্টের টেমপ্লেট http://schools.nyc/gov/parentleadership. ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রেসিডেন্ট কাউন্সিলের বার্ষিক আর্থিক রিপোর্টের কপি সকল সদস্যের কাছে বিতরণের জন্য প্রেসিডেন্ট কাউন্সিল দায়ী।

G. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অডিট (হিসাব নিরীক্ষণ)

হিসাব নিরীক্ষণ আর্থিক রিপোর্টের একধরনের পর্যালোচনা যা করা হয় আয় এবং ব্যয়ের মধ্যে একটি সামঞ্জস্য আনতে এবং প্রযোজ্য আইন, নীতি, নিয়ম-কানুন এবং বিধি-বিধান মেনে চলা হয়েছে কিনা সেবিষয়টি নির্ধারণের জন্য। হিসাব নিরীক্ষণ এক রকম উপকরণ যা পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল তাদের আর্থিক কর্মকাণ্ড বিশ্লেষণের সহায়তায় ব্যবহার করে তাদের রেকর্ড সংরক্ষণের মান মূল্যায়ন করে। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল কর্তৃক অডিট আভ্যন্তরীণভাবেও করা যেতে পারে। যখন কোন অভিযোগ দায়ের করা হয়, কোন গুরুতর অভিযোগ উত্থাপিত হয়, অথবা চ্যান্সেলর বা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অনুরোধ জানান, সেক্ষেত্রে বাহ্যিক অডিট পরিচালিত হতে পারে।

1. পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের কমিটি কর্তৃক অভ্যন্তরীণ অডিট

যখন পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল অভ্যন্তরীণ নিরীক্ষণ(অডিট)পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে, একটি অডিট কমিটি অবশ্যই গঠন করা হয়। অডিট কমিটি আবশ্যিকভাবে নির্বাচিত হয় সাধারণ সদস্য দ্বারা এবং তা গঠিত সংখ্যাগরিষ্ঠ সদস্য নিয়ে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের চেক স্বাক্ষরকারীগণ অডিট কমিটিতে থাকতে অথবা এর কর্ম পরিচালনা করতে পারবেন না। অডিটে অবশ্যই পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক রেকর্ডের পর্যালোচনা অন্তর্ভুক্ত থাকবে, যা সেকশন III.E.1-এ বর্ণিত আছে।

এটি সুপারিশকৃত যে, বছরে একবার অভ্যন্তরীণ অডিট করা হবে, এবং তা অধিকতর পছন্দের হবে যদি পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের বার্ষিক আর্থিক রিপোর্ট জমাদানের আগে হয়। যদিও, অভ্যন্তরীণ অডিট পরিচালনার ব্যর্থতা বার্ষিক আর্থিক রিপোর্ট জমাদানে বিলম্বের কারণ হবে না। কোষাধ্যক্ষের পদে যিনি আছেন তার পরিবর্তন হলে, একটি অভ্যন্তরীণ অডিটও হবে।

অডিট কমিটি কর্তৃক প্রাপ্ত তথ্য পরবর্তী সাধারণ সদস্য সভায় অবশ্যই সদস্যদের কাছে জানাতে হবে এবং তা সভার কর্যবিবরণীতে রেকর্ড করা থাকবে। পিএ/পিটিএ-র অডিট কমিটি তাদের প্রাপ্ত তথ্যের একটি কপি প্রিন্সিপ্যালকে প্রদান করবে কিন্তু প্রেসিডেন্ট কাউন্সিলের অডিট কমিটি তাদের প্রাপ্ত তথ্য অবশ্যই সুপারিনটেনডেন্টকে দেবে।

a) পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল যাদের নেট বার্ষিক আয় ৫০,০০০ ডলারের বেশি — এটি সুপারিশকৃত, যে, পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল যাদের নেট বার্ষিক আয় ৫০,০০০ ডলারের বেশি তারা একজন সিপিএ অথবা অভ্যন্তরীণ অডিট পরিচালনা সম্পর্কিত বিষয়ে পেশাগত যোগ্যতা আছে এমন একজন ব্যক্তিকে তাদের অডিট পরিচালনার জন্য নিয়োগ দেবে। নির্বাচিত ব্যক্তি পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের জন্য যেসব আইন, নীতি, নিয়ম-কানুন, এবং বিধি-বিধান প্রযোজ্য সেগুলিতে জ্ঞানসম্পন্ন হবেন। এই ব্যক্তি অবশ্যই পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য, পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যদের আত্মীয় হবেন না, অথবা কোন অর্থ-সংশ্লিষ্ট স্বার্থের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত থাকবেন না।

2. পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের অ্যাকাউন্টের বাহ্যিক অডিট

চ্যান্সেলর বা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি তহবিল তসরুফের গুরুতর অভিযোগ ওঠার পরিপ্রেক্ষিতে, অথবা পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের আর্থিক কর্মকাণ্ডের সাথে জড়িত কোন নালিশ বা অভিযোগ পেশ করার কারণে একটি অডিট পরিচালনা করতে পারেন। পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের সকল আর্থিক রেকর্ড থেকে চ্যান্সেলর এবং/অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির তথ্য প্রাপ্তির অধিকার আছে।

3. আর্থিক অসঙ্গতি অথবা অপকর্মের তথ্য

যদি পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের অডিট থেকে আর্থিক অসঙ্গতি অথবা অপকর্মের কোন তথ্য পাওয়া যায়, অডিট কমিটি অথবা অডিটর একটি লিখিত বিবরণ অবশ্যই ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট বরাবরে পাঠাবে। বিবরণের কপি পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল সদস্যদের দিতে হবে। পিএ/পিটিএ অবশ্যেই প্রিন্সিপ্যালের কাছে এবং যথাযথ প্রেসিডেন্ট কাউন্সিলেও তা পাঠাবে। প্রেসিডেন্ট কাউন্সিল আবার এই কপি অবশ্যই যথাযথ সুপারিনটেনডেন্টের কাছেও পাঠাবে। চ্যান্সেলর এবং/অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি সেকশন IV অনুযায়ী সংশোধন অথবা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিতে পারেন।

সংশোধন এবং শাস্তিমূলক ব্যবস্থা

যদিও পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের কর্ম পরিচালনায় স্বাধীন সিদ্ধান্ত গ্রহণের অধিকারটি গুরুত্বপূর্ণ, তবুও সুরক্ষার জন্য কোন কোন পরিস্থিতিতে সংশোধন অথবা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ আবশ্যিক হয়ে পড়ে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের কোন সদস্যের আচরণ যখন আইন, নীতি, নিয়ম-কানুন, এবং বিধি-বিধানের লঙ্ঘন অথবা তা শিক্ষার্থী, পিতামাতা, এবং কর্মীদের অধিকারের প্রতি হুমকি হয়ে পড়ে, সেক্ষেত্রে সংশোধনের চেষ্টা অথবা শাস্তিমূলক ব্যবস্থাগ্রহণ যথাযথ হয়। এই আচরণের অন্তর্ভুক্ত:

A. অপরাধমূলক অপকর্ম অথবা অসদাচরণ

অপরাধমূলক অপকর্মের নালিশ বা অভিযোগ অবশ্যই পুলিশ, নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টের স্পেশাল কমিশনার অব ইনভেস্টিগশন (এসসিআই)[11]-কে এবং এফএসিই-তে জানাতে হবে। যেসকল অসদাচরণের অভিযোগ শাস্তিমূলক আইন সংশ্লিষ্ট নয়, সেগুলি অবশ্যই এসসিআই-কে এবং এফএসিই-তে জানাতে হবে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের যেসকল সদস্য আইন সংশ্লিষ্ট অফিসারদের তদন্তের অধীনে আছেন তারা পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের অফিস থেকে অপসারিত হবেন এবং পরবর্তীতে যেকোন পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড, স্কুল বা ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, স্কুল অথবা ডিস্ট্রিক্ট টাইটেল ওয়ান প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, সিইসি, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল, অথবা ডি ৭৫ কাউন্সিলের কোন পদে কাজের অযোগ্য বিবেচিত হবেন। অফিসারদের অপসারণের এবং ভবিষ্যতে তাদেরকে কর্ম থেকে বিরত রাখার সিদ্ধান্ত চ্যান্সেলর অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি প্রত্যেকটি ক্ষেত্রে ভিন্ন ভিন্নভাবে নেবেন।

B. আর্থিক অসঙ্গতি অথবা অপকর্ম

আর্থিক অপকর্মের নালিশ অথবা অভিযোগ অবশ্যই পুলিশ, এসসিআই, এবং এফএসিই-র কাছে দায়ের করতে হবে। এফএসিই নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের সুপারিশ এবং পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের অর্থ সংগ্রহের কর্মকাণ্ড স্থগিত করতে পারে যদি আর্থিক অসঙ্গতি, আর্থিক অপকর্ম, অনুপোযুক্ত আর্থিক কর্মকাণ্ড, পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সুরক্ষায় বেপরোয়াভাব অথবা ব্যর্থতার জন্য সদস্যদের কেউ দায়ী থাকে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যগণ যদি এই ধরনের আচরণের সাথে জড়িত থাকে তাদের পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল থেকে অপসারিত করা হতে পারে এবং পরবর্তীতে অফিসারদের অপসারণের এবং ভবিষ্যতে তাদেরকে কর্ম থেকে বিরত রাখার সিদ্ধান্ত চ্যান্সেলর অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি প্রত্যেকটি ক্ষেত্রে ভিন্ন ভিন্নভাবে নেবেন।

C. অন্যদের প্রতি হুমটি অথবা বিপজ্জনক আচরণ

পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের কোন অফিসার কর্তৃক হুমকিমূলক আচরণ অবশ্যই পুলিশ, এসসিআই এবং এফএসিই-তে রিপোর্ট করতে হবে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের কোন সদস্যের আচরণ যদি স্কুল, ডিস্ট্রিক্ট, অথবা বরো কম্যুনিটির অন্য কোন সদস্যের জন্য হুমকি অথবা বিপজ্জনক হয়ে দাঁড়ায়, তাহলে পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল থেকে তাকে অপসারিত করতে হতে পারে। এই আচরণের অন্তর্ভুক্ত সভার সময় গালাগালি এবং অনাবশ্যক আক্রমণাত্মক কথাবার্তা যা অন্যদের ব্যক্তিগত সুরক্ষার প্রতি হুমকিস্বরূপ এবং উদ্বেগের কারণ ঘটাতে পারে। পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যগণ যাদেরকে তাদের আচরণের জন্য অফিস থেকে অপসারিত করা হয়েছে তারা চ্যান্সেলব অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কেস-বাই-কেস সিদ্ধান্ত দ্বারা পরবর্তীতে কোন পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের এক্সিকিউটিভ বোর্ড, স্কুল বা ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, স্কুল অথবা ডিস্ট্রিক্ট টাইটেল ওয়ান প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, সিইসি, সিসিএসই, সিসিএইচএস, সিসিইএলএল, অথবা ডি৭৫ কাউন্সিলের কোন পদে কাজের অযোগ্য বিবেচিত হবেন।

[11] অপরাধমূলক অপকর্ম এবং অসদাচরণের অভিযোগ এসসিআই-এ জানাতে হবে যাতে অফিস তা পর্যালোচনা, এবং যথাযথ ব্যবস্থাগ্রহণ করতে পারে যার অন্তর্ভুক্ত ডিওই-র অফিস অব স্পেশাল ইনভেস্টিগেশনে সুপারিশ পাঠানো। এসসিআই-এর ফোন: (212) 510-1500.

D. অফিসারের অবহেলা

এই উপবিধি অথবা প্রবিধানে বর্ণিতভাবে, যেসকল পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের অফিসার দায়িত্ব ও কর্তব্যে অবহেলা করেছেন তারা অপসারিত হবেন। কর্তব্যে অবহেলার কারণে অপসারণের প্রক্রিয়া পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত হবে।

IV. বিরোধ নিরসনের প্রক্রিয়া

A. পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলে বিরোধ

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল বিকল্প বিরোধ নিরসন প্রক্রিয়ায় সম্মত হতে পারে, যদি সকল সম্মতি প্রযোজ্য আইন, নীতি, নিয়ম-কানুন, এবং বিধি-বিধান অনুসারে হয়। স্বায়ত্তশাসিত এবং স্ব-পরিচালিত সংগঠন হিশেবে, পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল তাদের নিজস্ব বিরোধ নিরসনের জন্য দায়ী।

1. পিএ/পিটিএ সদস্যদের মধ্যে বিরোধ

পিএ/পিটিএ অবশ্যই তাদের বিরোধ অভ্যন্তরীণভাবে নিরসনের চেষ্টা করবে। পিএ/পিটিএ-র বিরোধগুলোর মধ্যে আছে মতের বিরোধ অথবা অসম্মতি যা পিএ/পিটিএ-র কর্ম-পরিচালনা অথবা বিভিন্ন বিষয়ের উপর প্রভাব ফেলতে পারে। যদি কোন পিএ/পিটিএ সদস্য এই প্রবিধান অথবা উপবিধি লঙ্ঘনের অভিযোগ আনেন, তাহলে সেটি তাকে করতে হবে সাধারণ সদস্য অথবা বিশেষ সদস্য সভায়। (সেকশন করতে I.G.4.c দেখুন)। পিএ/পিটিএ-র সাধারণ সদস্যগণ অভিযোগটি নিয়ে অবশ্যই আলোচনা করে উপযুক্ত সমাধানের ব্যাপারে ভোট করবেন। বিষয়টি যদি অভ্যন্তরীণভাবে নিরসন করা না যায়, পিএ/পিটিএ অবশ্যই লিখিতভাবে যথাযথ প্রেসিডেন্ট কাউন্সিলের কাছে সহায়তা চাইবে (সেকশন V.B দেখুন)।

2. প্রেসিডেন্ট কাউন্সিল সদস্যদের মধ্যে বিরোধ

প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই অভ্যন্তরীণভাবে বিরোধ নিরসনের চেষ্টা করবে। প্রেসিডেন্ট কাউন্সিলের বিরোধসমূহের আছে মত-পার্থক্য অথবা অসম্মতি যা প্রেসিডেন্ট কাউন্সিলের কর্ম-পরিচালনা অথবা বিভিন্ন বিষয়ের উপর প্রভাব ফেলতে পারে। যদি কোন প্রেসিডেন্ট কাউন্সিল সদস্য এই প্রবিধান অথবা উপবিধি লঙ্ঘনের অভিযোগ তোলেন, তাহলে সেটি তাকে অবশ্যই করতে হবে সাধারণ সদস্য অথবা বিশেষ সদস্য সভায়। প্রেসিডেন্ট কাউন্সিলের সাধারণ সদস্যগণ অভিযোগটি নিয়ে অবশ্যই আলোচনা করে উপযুক্ত সমাধানের ব্যাপারে ভোট করবেন। যদি বিষয়টি অভ্যন্তরীণভাবে নিরসন করা না যায়, প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই লিখিতভাবে এফএসিই-র অথবা যথাযথ সুপারিনটেনডেন্টের সহায়তা চাইবে (সেকশন V.B দেখুন)।

3. পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্য এবং ডিওই কর্মচারীদের মধ্যে বিরোধ

কোন ডিওই কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে, পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের সদস্যদের অবশ্যই এনওয়াইসি ডিওই-র প্যারেন্ট কমপ্লেইন্ট অ্যান্ড রেজ্যুলুশন প্রসিডিওর-এ বর্ণিত প্রক্রিয়া[12] অনুসরণ করতে হবে। যদি ডিওই কর্মচারীর বিরুদ্ধে অপরাধমূলক অপকর্ম অথবা অসদাচরণের অভিযোগ থাকে তা অবশ্যই এসসিআই-কে (212) 510-1500 নম্বরে জানাতে হবে।

B. সহায়তার জন্য পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিলের আবেদন

অভ্যন্তরীণভাবে বিরোধ নিরসনের সব চেষ্টার শেষে, একজন সদস্য উপবিধি অথবা অন্য প্রযোজ্য আইন, নীতি অথবা বিধি-বিধান লঙ্ঘনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সহায়তার আবেদন করতে পারেন। পিএ/পিটিএ-র সহায়তার আবেদন অবশ্যই যথাযথ প্রেসিডেন্ট কাউন্সিলে জমা দিতে হবে। প্রেসিডেন্ট কাউন্সিলের সহায়তার আবেদন অবশ্যই এফএসিই-তে বা যথাযথ সুপারিনটেনডেন্টের কাছে দিতে হবে।

1. সময়সীমা

সহায়তার জন্য লিখিত আবেদন অবশ্যই ঘটনা ঘটার ৩০ ক্যালেন্ডার দিবস অথবা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে জমা দিতে হবে, এবং তা শুধু কোন সাধারণ সদস্য অথবা বিশেষ সভায় বিরোধ নিরসনের একটি প্রচেষ্টার পরে হতে হবে।

2. উত্তরদান

পিএ/পিটিএ-র কাছ থেকে সহয়তার আবেদন পাবার পর, প্রেসিডেন্ট কাউন্সিল অবশ্যই বিরোধ সম্পর্কে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবে। প্রেসিডেন্ট কাউন্সিল বিরোধ পর্যালোচনা করবে এবং ৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে পিএ/পিটিএ-কে নির্দেশনা দেবে যা পিএ/পিটিএ-র উপবিধি এবং এই প্রবিধানের সাথে সংগতিপূর্ণ।

প্রেসিডেন্ট কাউন্সিল কাছ থেকে সহায়তার আবেদন পাবার পর, ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট অথবা কাউন্সিল সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট অবশ্যই বিরোধ সম্পর্কিত তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবে। ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট অথবা সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট বিরোধ পর্যালোচনা করবে এবং ৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে, প্রেসিডেন্ট কাউন্সিলকে এমন নির্দেশনা দেবে যা প্রেসিডেন্ট কাউন্সিলের উপবিধি এবং এই প্রবিধানের সাথে সংগতিপূর্ণ।

3. পিএ/পিটিএ বিরোধের শেষ সমাধান

বিশেষ ক্ষেত্রে যখন যথাযথ প্রেসিডেন্ট কাউন্সিলের সহায়তা লাভের পরেও পিএ/পিটিএ বিরোধ নিরসনে অসফল হয়, তখন কোন সদস্য বিরোধের একটি লিখিত সার-সংক্ষেপ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টে জমা দিতে পারেন। এফএসিই বিরোধটি পর্যালোচনা, প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, এবং তারপর একটি চূড়ান্ত এবং বাধ্যতামূলক সিদ্ধান্ত দিবে।

a) সময়সীমা – প্রেসিডেন্ট কাউন্সিলের চূড়ান্ত পরামর্শ প্রদানের ১৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে আপিল অবশ্যই এফএসিই-তে জমা দিতে হবে।

[12] নিউ ইয়র্ক সিটি ডিওই-র প্যারেন্ট কমপ্লেইন্ট অ্যান্ড রেজ্যুলুশন প্রসিডিওর http://schools.nyc.gov/Offices/OFEA/KeyDocuments/. ওয়েবসাইটে পাওয়া যাবে।

b) সিদ্ধান্ত — আপিল করার ৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করবে।

ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের সিদ্ধান্তই চূড়ান্ত এবং তা মানা বাধ্যতামূলক। জনসাধারণের অনুরোধ সাপেক্ষে তা তাদের কাছে লভ্য হবে। ইস্যুকৃত সিদ্ধান্ত থেকে শিক্ষার্থীদের নাম অথবা ব্যক্তিগতভাবে শনাক্ত করা যায় এমন শিক্ষার্থী তথ্য অবশ্যই মুছে ফেলা হবে।

4. পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলের নির্বাচন সংক্রান্ত বিরোধ

পিএ/পিটিএ এবং প্রেসিডেন্ট কাউন্সিল কোন অনাবশ্যক ঝামেল ছাড়া তাদের কর্মকাণ্ড কার্যকরীভাবে পরিচালনা করছে সেবিষয়টি নিশ্চিত করতে, নির্বাচন প্রক্রিয়া সম্পৃক্ত বিরোধসমূহের ব্যবস্থা অবশ্যই নির্বাচন অনুষ্ঠানের ১৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিলে সাধারণ সদস্য অথবা বিশেষ সদস্য সভায় (সেকশন I.G.4.c দেখুন) নেয়া হবে।

বিশেষ ক্ষেত্রে যখন পিএ/পিটিএ অথবা প্রেসিডেন্ট কাউন্সিল নির্বাচন সংক্রান্ত কোন বিরোধ নিরসনে ব্যর্থ হয়, তখন যেকোন সদস্য এফএসিই-র কাছে বিরোধের একটি লিখিত সারাংশ পাঠাতে পারেন। ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট নির্বাচন সংক্রান্ত বিরোধটির পর্যালোচনা এবং প্রয়োজনীয় তথ্য সংগ্রহের পরে একটি চূড়ান্ত এবং বাধ্যতামূলক সিদ্ধান্ত দেবে।

a) সময়সীমা — নির্বাচন সংক্রান্ত বিরোধটি সাধারণ অথবা বিশেষ সদস্য সভায় আলোচনার ৩ ক্যালেন্ডার দিবসের মধ্যে আপিল অবশ্যেই এফএসিই-তে জমা দিতে হবে।

b) সিদ্ধান্ত - নির্বাচন সংক্রান্ত বিরোধের ব্যাপার জানার ৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে এফএসিই একটি লিখিত সিদ্ধান্ত দেবে। এফএসিই-র সিদ্ধান্ত চূড়ান্ত এবং তা মানা বাধ্যতামূলক।

V. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত যেকোন প্রশ্ন নিচে উল্লিখিত ফোনে অথবা ঠিকানায় করতে হবে:

ফোন: 212-374-2323	*Division of Family & Community Engagement* NYC Department of Education 49 Chambers Street - Room 503 New York, NY 10007	ফ্যাক্স: 212-374-0076